ইর—অন্ত। (৪) চতুরক্ষর।

পঙ্ককীর —কাদা খোঁচা পাখী।

বারকীর —শ্যালক, বাড়বানল, উকুণ, ক্ষুদ্র চিরুণী, যুদ্ধ ঘোটক, মুটিয়া, মুটে, যুক।

একক্ষীর —এক নারীর স্তন দুগ্ধ।

মধুক্ষীর —খর্জ্জুর বৃক্ষ, খেজুর গাছ।

তনুক্ষীর —আম্রাতক, আমড়া।

তবক্ষীর —জল মিশ্রিত দুগ্ধ।

অবিক্ষীর —মেষ দুগ্ধ।

অরুচির —বিরক্তি কর, অমনোহর।

কণজীর —শ্বেতজীরক, শাদা জীরা।

শালাজীর—শরা, শরাব।

জটাটীর —শিব, মহাদেব।

পাত্রটীর —মন্ত্রীবিং, অগ্নি, লৌহ-কাংস্য-রৌপ্যপাত্র, কাক

চিত্রাটীর —চন্দ্র, ঘণ্টাকর্ণ পূজায় দত্ত ছাগ ললাট।

কণাটীর —খঞ্জন পক্ষী।

বর্কটীর —অগতি পুত্র, জারজ, আম্র পল্লব, দস্তা, টিন।

যুধিষ্ঠির —পাণ্ডুর জ্যেষ্ঠ পুত্র, ধর্ম্মপুত্র, অজাত শত্রু।

গোভণ্ডীর —জলচর পক্ষী, জল কুক্কুভ পক্ষী।

বিট্খদির —গুয়ে বাব্লার গাছ।

ইন্দিন্দির —ভ্রমর, মধুকর।

ক্ষীরনীর — আলিঙ্গন, দুগ্ধ ও জলের ন্যায় মিশ্রিত।

দৃঢ়নীর —নারিকেল বৃক্ষ।
দয়াবীর —অতিশয় দয়াবান্, দয়াময়।
একবীর —মহাবীর, বীর প্রধান, বৃক্ষ বিং।
যুদ্ধবীর —যে ব্যক্তির যুদ্ধবিষয়ে অত্যন্ত উৎসাহ আছে
দানবীর —দানশীল, দাতা।
ধান্যবীর —মাষকলাই।
অস্নাবির —শিরা বর্জ্জিত, স্থূল, শরীর শূন্য।
করবীর —বৃক্ষ বিং, খড়্গ, শ্মশান, দেশভেদ, পুষ্প বিং।
মহাবীর —মহাবল পরাক্রান্ত ব্যক্তি, বিষ্ণুর রথ, সিংহ, হনুমান, যজ্ঞাগ্নি, অঙ্গদাদি বানর, গরুড়, লক্ষ্মণ, যজ্ঞীয় পাত্র, ধনুর্ধর, কোকিল, অন্তিম জিন, সঞ্চাণ পক্ষী, শ্বেতাশ্ব, বজ্র, মহানল, প্রধান বীর, অতিশয় শূর।
করভীর —সিংহ, কেশরী।
আজমীর —বিদুর, দেশ বিং।
অশরীর —শরীর হীন, নিরাকার, জীবন্মুক্ত।
মার্গশির —অগ্রহায়ণ মাস।
কুর্চ্চশির —অস্থি, স্কন্ধ, গুড় গোড়া।
সুনাসীর —[শুনাসীর] ইন্দ্র, সুন্দর।
অশিশির —উষ্ণ, গরম।
শক্রশিরঃ —বল্মীক, উয়ের ঢিবি, ইন্দ্র মস্তক, উই।
ভুজশিরঃ —স্কন্ধ, কাঁধ।

ব্রহ্মশিরঃ—ব্রহ্ম তেজোময় অস্ত্র বিং।

ইর—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

স্মেরবিষ্কির—ময়ূর, শিখী, বর্হী।

কারকুক্ষীর—শাল্ব দেশ, তদ্দেশীয় মনুষ্য।

নিস্তুষক্ষীর—গোধূম বিং, দুধে গম।

মহীপ্রাচীর—জলধি, সমুদ্র।

কুঞ্জকুটীর—ক্রিড়া কন্দর, কুঞ্জবন।

পত্রকুটীর—পত্র রচিত গৃহ, কুঁড়ে ঘর।

পাদগণ্ডির—শ্লীপদ, গোদ।

নাটমন্দির—দেবগৃহসম্মুখস্থ নৃত্য স্থান, নাচঘর।

রতিমন্দির—স্ত্রীচিহ্ন, যোনি, ভগ, মৈথুন গৃহ।

মানমন্দির—গ্রহনক্ষত্রাদির পর্য্যবেক্ষন স্থান।

জীবমন্দির—শরীর, দেহ।

বলিমন্দির—পাতাল, অধোভাগ, অধোলোক।

শৈলশিবির—সমুদ্র, বারিধি।

সূক্ষ্মশরীর—পঞ্চপ্রাণ, দশ ইন্দ্রিয়, মনঃ ও বুদ্ধি=১৭।

অন্তঃশরীর—অন্তঃকরণ, আত্মা, অন্তরিন্দ্রিয়।

চটকাশির—ঔষধ বিং, পিপ্পলী মূল।

কুন্তলোশীর—ঔষধি বিং, বালা।

ইর—অন্ত। (৬) ষড়ক্ষর।

অর্ণবমন্দির—বরুণ, জলাধিপতি।

ইন্দিরামন্দির—বিষ্ণুর নামান্তর, পদ্ম।

বিলাসমন্দির —ক্রীড়া গৃহ, বৈঠক খানা, নাচঘর।

কারণশরীর —সত্ব প্রধান অজ্ঞান, আনন্দময় কোষ।

উর—অন্ত। (২) দ্ব্যক্ষর।

খুর্ —(ধা) ছেদন, নাপিতাস্ত্র-খুর, খুরপ্র, খুরী, খুরণী।

গুর্ —(ধা) উদ্যম-গুরণ, গুরু, গুরুবর্ণ, গুরুঘ্ন।

গূর্ —(ধা) উদ্যম-গূরণ, গূরিত, উদ্গূর্ণ।

ঘুর্ —(ধা) ভয়ানক হওয়া, ভয়-ঘোর, ঘোরতর।

ঘূর্ —(ধা) হিংসা করা-ঘূর্ণ, ঘূরণ।

চুর্ —(ধা) চুরী-চোর, চৌর, চোরণ, প্রচুর।

চূর্ —(ধা) দগ্ধ করা।

ছুর্ —(ধা) ছেদ-ছুরিকা, ছুরণ, ছুরিত, বিছুরিত।

তুর্ —(ধা) গমন ক্র-তুরিত, তোরণ, তুরা, তুর।

তূর্ —(ধা) হিংসা ক্র-তূর্ণ, তূরণ, তূর্য্য।

পুর্ —(ধা) অগ্রে ২ গমন করা।

পূর্ —(ধা) পূরণ-পূর্ত্তি, পূরণ, পূর্ণ, পূরণীয়, পূর্য্য, পূর্ত্ত।

স্ফুর্ —(ধা) প্রকাশ, চঞ্চল-হ, স্ফুরণ, স্ফূর্ত্তি।

ভূর্ —পৃথিবী, মহী।

মুর্ —(ধা) বেষ্টন-মুরিত, মুর, মোরণ।

শূর্ —(ধা) বিক্রম-শূর, শূরণ, শূর্ণ।

স্মুর্ —(ধা) দীপ্তি, ঐশ্বর্য্য-সুর, সুরা, সুরিত।

সূর্ —(ধা) স্তব্ধ, স্তম্ভন, সূর, সূর্ণ, সূর্য্য।

কূর —অন্ন, ভাত।

ক্রূর —খল, পরদ্রোহী, নির্দ্দয়, ঘাতুক, কঠিন, কঙ্ক-শ্যেন পক্ষী, রক্তকরবী-ভূতাঙ্কুশ বৃক্ষ, উষ্ণ, রাশি বিং

খুর —ক্ষৌর কর্ম্মার্থ নির্ম্মিত অস্ত্র বিং, অশ্বাদির খুর, খাটের পায়া, কোল দল, নখী নামক গন্ধ দ্রব্য

ক্ষুর —অশ্বাদি পশুর পায়ের খুর, অস্ত্রবিং, খাটের পায়া

চূর —(দেং) চূর্ণ, গুঁড়া, খণ্ড কৃত।

তূর —বাদ্য যন্ত্র, বাজনা।

স্থূর —মনুষ্য, বৃষ, ভার, ভার বাহক।

দুর —দুঃখিত, নিন্দিত, নিষিদ্ধ।

দূর —অসন্নিকৃষ্ট, অত্যন্ত দূরে, গাঢ়রূপে, বিস্তৃতরূপে

ধুর —চিন্তা, ভার, যানাদির অগ্র, কম্পন, সঞ্চলন, স্মরণ, প্রথম, অগ্রভাগ, অক্ষদণ্ড, অগ্নিস্ফুলিঙ্গ, অংশ, বিত্ত, গঙ্গার নামান্তর, আল, মধ্য, মাঝ।

নুর —(যাং) আলোক, রশ্মি, দাড়ি।

পুর —নগরী, পুরী, দেহ, চর্ম্ম, বহুপ্রাণীর ব্যবহার স্থান পুষ্পগর্ভ, পাটলীপুত্র, নাগরমুস্তা, ঝিণ্টীপুষ্প, গুগ্গুল

পূর —জলরাশি, প্রবাহ, খাদ্য দ্রব্য বিং, পূরণ, পূর্ণ।

স্ফুর —ফলক, ঢাল, স্ফুরণ, ফুলা, বৃদ্ধি পাওয়া।

ভুর —[ভূর] (দেং) অহঙ্কার, গর্ব্ব, মিথ্যা, অভিমান, জাঁক।

মুর —দৈত্য বিং, বৃতি, বেষ্টন।

শূর —বীর, সাহসী, যাদব বিং, কৃষ্ণের পিতামহ, সূর্য্য, সিংহ, শূকর, বলবান্, মসূর, ডহুয়া, বৃক্ষ বিং।

স্বর —দেবতা, সূর্য্য, সবিতা, পণ্ডিত। (দেং) স্বর।

সূর —সূর্য্য, বর্ত্তমান কল্পের ১৭ জৈনের পিতা, অর্কবৃক্ষ

উরঃ —বক্ষঃস্থল, হৃদয়, প্রধান, উত্তম।

উর—অন্ত। (৩) ত্র্যক্ষর।

চতুর্ —চারি (৪), তিনের পরস্থিত সংখ্যা।

কেয়ূর —অঙ্গদ, তাড়, বাজু, রতিবন্ধ বিং।

ময়ূর —স্বনাম খ্যাত পক্ষি বিং, বর্হি।

মায়ূর —ময়ূর সম্বন্ধীয়, ময়ূর সমূহ।

কুকুর —[কুক্কুর] যদু বংশীয় ক্ষত্রিয় বিং, গ্রাম্য মৃগ, কুত্তা, গাঁটিয়াল গাছ, দশার্ই দেশস্থ অধিবাসী।

চিকুর —কেশ, নৈষধ, পর্ব্বত, সর্প, পক্ষী-বৃক্ষ বিং, গৃহ, অপরাধী, চপল, চঞ্চলতা, গুণত্যাগী-দোষগ্রাহী

টাকুর —(দেং) পট্ট সূত্রাদি বেষ্টন যন্ত্র, তাঁতির চরকি

ঠাকুর —[ঠক্কুর] (দেং) দেবতা, গুরু, ব্রাহ্মণ।

ঢেকুর —[ঢেঁকুর] উদ্‌গার, হিক্কা।

মুকুর —কুম্ভকারের দণ্ড, আদর্শ, দর্পণ, মুকুল, বকুলবৃক্ষ

মুকুর —দর্পণ, বকুল, কুল, কুলালদণ্ড, মল্লিকাপুষ্প, মুকুল

পুকুর —(দেং) জলাশয়, সরোবর।

অক্রূর —শ্রীকৃষ্ণের পিতৃব্য, সরল।

অঙ্কুর —(অঙ্কূর) বীজোদ্ভব, নূতনোৎপন্ন তৃণাদি, উদ্ভব

চঙ্কুর —রথ, গাড়ি, বৃক্ষ, যান, বাহন মাত্র।

মঙ্কুর —দর্পণ, আর্শি, মুকুর।

শঙ্কুর —ভীষণ, ভয়ঙ্কর, করাল, ভীম।

বিখুর —রাক্ষস, নিশাচর, তস্কর, চোর।

গোক্ষুর—গোক্ষুরাকৃতি লতা বিং, গরুর খুর।

মাগুর —(দেং) মৎস্য বিং।

মুগুর —(দেং) গদা, যষ্টি।

লগুর —লৌহ মুদ্গর, লাঠি, গদা।

আঙ্গুর—(দেং) ফল বিং।

ঘুঙ্গুর —(দেং) কটি দেশের অলঙ্কার বিং, কাঞ্চী।

ভঙ্গুর —বক্র, বিনশ্বর, ক্রূর, অসৎ, ভঙ্গ প্রবণ।

মুদ্গুর —মুগুর, কামরাঙ্গা গাছ, কাষ্ঠ মল্লিকা।

ঘর্ঘুর —ঘুরঘুরিয়া পোকা।

প্রচুর —প্রভূত, অনেক, বহুল, অধিক, ভূয়িষ্ঠ, যথেষ্ট।

চঞ্চুর —সমর্থ, পটু, দক্ষ, নিপুণ, কর্ম্মঠ, যে পুনঃ২যায়।

কর্চ্চুর —হরিতাল।

বাছুর —(দেং) গোবৎস।

কচ্ছুর —পাঁচড়া রোগাক্রান্ত, পরস্ত্রী গামী, লম্পট।

মঞ্জুর —(যাং) স্বীকার, কবুল।

খর্জ্জুর —খেজুর ফল, রূপা, বৃশ্চিক, শোঁয়াপোকা।

টট্টুর —ঢক্কার শব্দ, ভেরী শব্দ।

নিষ্ঠুর —ক্রূর, কর্কশ, নির্দ্দয়, কঠিন, অশ্লীল বাক্য।

পাণ্ডুর —শুক্ল পীত বর্ণ, শুক্ল বর্ণ, নেবা রোগ, শ্বিত্ররোগ

মণ্ডুর —লৌহমল, লোহার মরিচা।

অতুর --যিনি ত্বরা করেন না, কার্য্যক্ষম, সমীক্ষ্যকার
আতুর --(অতুর) কাতর, অধীর, রোগী, পীড়িত।
কাতুর --(দেং) ঘানির ভার, জাইঠ কাঠ, প্রমরার দান
চতুর --কার্য্যদক্ষ, নিপুণ, কর্ম্মকুশল, পিলখানা, গোল বালিশ, চক্রগণ্ডু, নেত্রগোচর, শঠ, বুদ্ধিজীবী।
চাতুর —চর, প্রত্যক্ষ, অনুমেয়, রথ চালক, চালক, প্রিয়ভাষী, নিয়ন্তা, দক্ষ, গোলবালিশ।
ফতুর --(যাং) দরিদ্র, কৃশ, ক্ষীণ, নিঃস্ব।
পত্তুর —শালিঞ্চ শাক, পতঙ্গ, রক্ত চন্দন।
তন্তুর —মৃণাল, পদ্মের ডাঁটা।
দন্তুর —উন্নত বা বহির্গত দন্ত বিশিষ্ট, উচুনিচু স্থান।
দস্তুর —(যাং) নিয়ম মত,. রীতি।
ধুস্তুর —[ধূস্তুর, ধুস্তূর, ধূস্তূর] ধুতুরা গাছ।
বিথুর —চৌর, তস্কর, রাক্ষস, যাতুধান।
মাথুর —মথুরা সম্বন্ধীয়, মথুরা হইতে আগত, কীর্ত্তন বিং
ছিদুর --ছিন্ন, ছেঁড়া, ছেদক, ছেদনশীল, শত্রু, শঠ, ধূর্ত্ত।
বিদুর —জ্ঞানী, পণ্ডিত, ধীর, জ্ঞাতা, বেত্তা, লম্পট, ধৃত-রাষ্ট্রের ভ্রাতা ও মন্ত্রী, যুধিষ্ঠিরাদির পিতৃব্য।
বিদূর —অতি দূর, দেশ-পর্ব্বত বিং, বৈদূর্য্য মনি।
ভিদুর —বজ্র, মিশ্র, ভঙ্গুর।
ভেদুর --ভগ্নশীল, বজ্র, ভিদুর।
মাদুর —[দেং] তৃণনির্ম্মিত আসন বিং।

মেদুর —অতি স্নিগ্ধ, চিক্কণ, মৃদু, শীতল।
সিঁদুর —রক্তবর্ণ চূর্ণ বিং, সিন্দুর।
সুদূর —অতি দূরবর্ত্তী, বহুদূরস্থ, বহু দূর।
ইন্দুর —[ইন্দূর, উন্দুর, উন্দূর] মূষিক, ইঁদুর।
সিন্দূর —বৃক্ষ বিং, রক্ত বর্ণ চূর্ণ বিং, সিঁদুর।
দর্দ্দুর —ভেক,মেঘ,বাদ্যভাণ্ড,বাদ্যযন্ত্র-শৈলবিং, গ্রাম
দার্দ্দুর —লাক্ষা, লা, জৌ, জল, দক্ষিণাবর্ত্ত শঙ্খ, বৈদূর্য্য
বিধুর —পীড়িত,বিযুক্ত,আর্ত্ত, দুঃখিত, বিকলতা, ভীত
মধুর —মিষ্টরসযুক্ত, রক্তবর্ণ ইক্ষু, বোম্বাই আক, গুড়, রাং, রঙ্গ, টিন, মনোহর, সৌম্য, শান্ত।
মাধুর —মধুরনোদ্ভব, মল্লিকা পুষ্প।
উদ্ধুর —দৃঢ়, পুরু, ভার যুক্ত।
বন্ধুর —[বন্ধূর] মনোহর,উন্নতানত,কালা,হাসিজনক, নম্র, বিহঙ্গ, হংস, বক,স্ত্রীচিহ্ন,তিলকল্ক,মুকুট, বিড়ঙ্গ, রম্য, ঋষভৌষধ, কুলটা, ছাতু,বন্ধূক।
সিন্ধুর —করী, হাতী।
চাণূর —দৈত্য বিং, কংস রাজার জনৈক যোদ্ধা।
তানূর —জলের ঘূর্ণা, আবর্ত্ত।
খপুর —গুবাকবৃক্ষ, ভদ্রমুস্তক, লশুন, বায়ু রোগ, ঘট, কলস, অমল, ব্যাল নখ, হরিশ্চন্দ্র পুর।
গোপুর—নগর দ্বার, পুরদ্বার, কৈবর্ত্তী মুস্তক।
ত্রিপুর —ময়দানব নির্ম্মিত পুর ত্রয়, অসুর বিং।

নূপুর —[নেপুর] চরণালঙ্কার বিং।

কর্পূর —শুভ্রবর্ণ, স্বনাম প্রসিদ্ধ গন্ধ দ্রব্য বিং, চন্দ্র।

কর্ব্বুর—[কর্ব্বূর] রাক্ষস, পাপ, নদী, নিষ্পাব ধান্য, স্বর্ণ, জল, ধুস্তুরাগাছ, হরিতাল, বিচিত্র বর্ণ।

অম্বুর —দ্বারাধঃ কাষ্ঠ, গোবরাট্।

ডুমুর —[দেং] উদুম্বর বৃক্ষ, ডুম্বর।

সমূর —মৃগ বিং।

মুর্ম্মুর —তুঁষাগ্নি, কামদেব, সূর্য্যের অশ্ব।

গড়ুর —কুব্জ, কুঁজো, উন্নত পৃষ্ঠ।

জড়ুর —[দেং] দেহস্থ তিলক, জটুল।

তালূর —আবর্ত্ত, জলের পাক।

মালূর —বিল্ব বৃক্ষ, কয়েদ বেলের গাছ, বেল।

শালূর —[সালুর] মণ্ডূক, ভেক, ব্যাঙ।

বল্লুর —ক্ষেত্র, মঞ্জরী, কুঞ্জ, নির্জ্জন স্থান, বন, অকৃষ্টক্ষেত্র

বল্লূর —শুষ্ক মাংস বিং, শূকর মাংস, পতিত ভূমি।

অসুর —সুর বিরোধী, দৈত্য, দানব, সূর্য্য।

আসুর —অসুর সম্বন্ধীয়, অপবিত্র, নিন্দিত, অশুভ কর, ভয়ঙ্কর, বিবাহ বিশেষ, বিট লবণ।

ত্রসুর —ভীরু, অসাহসিক, অপ্রগল্ভ।

পাংশুর—দংশ, ডাঁশ, খঞ্জ, খোঁড়া।

ভাশুর —(দেং) পতির জ্যেষ্ঠ ভ্রাতা।

ভাসুর —কুড়, দীপ্তিবিশিষ্ট, বীর, স্ফটিক, কুষ্ঠৌষধ বিং।

ভূসুর —ব্রাহ্মণ।
মসুর —[মসূর] মসূর কলাই, কলাই বিং।
শ্বশুর —ভর্ত্তা ও পত্নীর পিতা, মান্য ব্যক্তি।
উৎসুর —সূর্য্যাস্ত, সন্ধ্যাকাল।

উর—অন্ত। (৪) চতুরক্ষর।

মজকুর —(যা৹) উক্ত, উল্লিখিত।
ত্বগঙ্কুর —রোমাঞ্চ, পুলক।
ভগাঙ্কুর —যোনি দ্বারের মাংস পিণ্ড বিং, চিঙ্কু।
পুচ্ছাঙ্কুর —টাইটন জীব, (veoæla)
মদঙ্কুর —হারীত পক্ষী, পারাবত বিং।
গুদাঙ্কুর —অর্শ রোগ।
কুরঙ্কুর —সারস পক্ষী।
ধারাঙ্কুর —জলকণা,শীকর,শিল,নায়কের অগ্রবর্ত্তী সেনা
কলঙ্কুর —আবর্ত্ত, জলের পাক, জলের ঘূর্ণা।
কলাঙ্কুর —কংস, সারস পক্ষী।
গলাঙ্কুর —গল রোগ বিং, গলগণ্ড।
বিষাঙ্কুর —শঙ্কু, শল্যাস্ত্র, শেল।
বক্রখুর —দন্ত, দাঁত, রদন।
অশ্বখুর —ঘোড়ার খুর, অপরাজিতা, নখী।
যুযুকুখুর —ক্ষুদ্র কায় ব্যাঘ্র।
খইচুর —[দেং] লাজচূর্ণ ও শর্করা মিশ্রিতমোদকবিং
আমচুর —[দেং] শুষ্ক আম্র খণ্ড।

নামঞ্জুর —[যাং] অগ্রাহ্য, বাতিল।
কচাটুর —পক্ষি বিং, ডাক পক্ষী।
ত্বক্কণ্ডুর —ব্রণ, চুলকনা, ঘা।
বিপাণ্ডুর—অতিশয় পাণ্ডুবর্ণ, ফেকাশে।
অচতুর —নির্ব্বোধ, চতুরতা শূন্য।
দ্বৈমাতুর —জরাসন্ধ,গণেশ,ভগীরথ,দুই মাতার সন্তান
সম্মাতুর —সতী তনয়, পতি ব্রতা পুত্র।
উদ্দন্তুর —বৃহৎ দন্ত যুক্ত,উন্নত,উৎকট,ভীষণ, উতুঙ্গ।
বদস্তুর —[যাং] অনুযায়ী, অনুরূপ, রীতিমত।
একধুর —এক বিধ ভারবাহী গবাদি।
সুমধুর —অতি মধুর, অতিশয় মিষ্ট, হর্ষ জনক।
দৃঢ়ধুর —সক্ষম,সমর্থ, শক্তিমান্।
জয়োদ্ধুর—জয়ী, লব্ধ জয়, রিপুদল বিনাশী।
নাগপুর —প্রসিদ্ধ নগর, হস্তিনাপুর, পাতাল।
দুর্গপুর —দুর্গ দ্বারা রক্ষিত-প্রাচীরাদি বেষ্টিত নগর
বীজপুর —[ফলপুর] লেবু বিং, দাড়িম্ব।
পিষ্টপুর —বটক, বড়া, পিষ্টক বিং।
ঘৃতপুর —পক্কান্ন বিং, ঘিওড়, পিষ্টক বিং।
প্রেতপুর —যমালয়, যমপুরী, প্রেতপুরী।
সত্যপুর —বিষ্ণুলোক, গোলোক, বৈকুণ্ঠ।
অন্তঃপুর —অবরোধ, অন্দর মহল, রাজবাটী, রাণী।
গাধিপুর —গাধি নৃপের নগর, কান্যকুব্জ দেশ, কনোজ

মণিপুর —তৃতীয় চক্র বিং, দেশ বিং, নাভিস্থল।
কর্ণপূর —কর্ণভূষণ, নীলপদ্ম, শিরীষবৃক্ষ, অশোকবৃক্ষ।
উপপুর —শাখানগর, বৃহন্নগরের সন্নিহিত গ্রাম।
পুষ্পপুর —নগর বিং, পাটলীপুত্র, পাটনা।
সুম্বপুর —এই নামীয় নগর বিং।
দশপুর —মালব দেশের অন্তর্গত নগর বিং, দুর্গা।
বামলূর —বল্মীক, উইয়ের ঢিপি।
বেকসুর —[যাং] নিরপরাধ, নির্দ্দোষ।
মুখসুর —তাল সুরা, তাড়ী।
পিণ্ডীশূর —ভোজনে পটু=পেটুক, অলস, কাপুরুষ।
কর্ম্মশূর —কর্ম্মঠ, কার্য্য দক্ষ, কর্ম্ম কুশল।
গেহেশূর —অক্ষম ব্যক্তি, কাপুরুষ।

উর—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

মত্তময়ূর —উন্মত্ত শিখী, মেঘ, ছন্দো বিং।
কর্ণমুকুর —কর্ণ ভূষণ, কুণ্ডল।
অপুচ্ছাঙ্কুর —মস্তক প্রকাণ্ড-হাঁবড়-পুচ্ছ নাই=মণ্ডূকাদি
কানিমাগুর —[দেং] মদ্‌গুর জাতীয় মৎস্য বিং।
ক্ষণভঙ্গুর —ক্ষণমাত্রেই ধ্বংসশীল, ক্ষণধ্বংসী, ক্ষণস্থায়ী
কনকচুর —[দেং] ধান্য বিং।
পিণ্ডখর্জ্জূর —পিণ্ডি খেজুরের গাছ।
উপচতুর —বহু, প্রায় চারি।
ভাদ্রমাতুর —স্বাধ্বী স্ত্রীর পুত্র, সতী তনয়।

রসসিন্দুর —ঔষধ বিং।
কুপদর্দুর —পাতকুঁয়ার ব্যাঙ, অদূরদর্শী, কুনো।
ঊর্দ্ধগপুর —রাজা হরিশ্চন্দ্রের নগর।
শোণিতপুর—বাণ রাজার পুরী, বাণপুর।
কন্যান্তঃপুর—অন্তঃপুরের যেঅংশে রাজকন্যাগণেরবাস
হস্তিনপুর —[হস্তিনাপুর]নগর বিং, প্রাচীন দিল্লী নগর
ধরণীপূর —সাগর, অর্ণব, রত্নাকর।
কুসুমপুর —পাটলী পুত্র নগর, পাটনা।
কুসুমপুর —পৃথিবী যাহার উপর ভাসে-সমুদ্র।
রামকর্পূর —সদ্গন্ধ যুক্ত তৃণ বিং।
বারিকর্পূর—কর্পূরের সহিত যাহার তুলনা-ইলিশমাছ
রসকর্পূর —পারদ, পারা।
বংশকর্পূর —বংশলোচন।
ভ্রাতৃশ্বশুর —ভাশুর, পতির জ্যেষ্ঠ ভ্রাতা।

উর—অন্ত। (৬) ষড়ক্ষর।

কনকধুস্তুর —বৃক্ষ বিশেষ, সোণা, কাসমর্দ্দ বৃক্ষ।
ব্যোমচারিপুর-শোভ পুর।

এর—অন্ত। (২) দ্ব্যক্ষর।

জের —(যাং) নিঃশেষ, আগত; নিগাড়।
টের —যাহার চক্ষু টেরা, জ্ঞান, শেষ(দেং)মালুম, অনুভব
ঢের —[দেং] যথেষ্ট, অধিক।
তের —(দেং) সংখ্যা বিং (১৩)

ফের —শিয়াল, শৃগাল। (দেং) পুনর্ব্বার, আবার।

বের —দেহ, কায়, শরীর, বার্ত্তাকু, কুঙ্কুম।

শের —[সের] পরিমাণ বিং, ষোল ছটাক। (যাং) বাঘ

স্মের —ঈষৎ হাস্য যুক্ত, বিকসিত, স্পষ্ট, স্ফুট, প্রকাশ

হের —মুকুটবিং, হরিদ্রা, আসুরী, মায়া। [দেং] দেখ।

এর—অন্ত। (৩) ত্র্যক্ষর।

খএর —[খয়ের] বৃক্ষ বিশেষের নির্য্যাস, খদিরসার।

দায়ের —[যাং] উপস্থিত।

সায়ের —[যাং] জলকর, ফলকর ইত্যাদি।

আখের —[যাং] অবসান, পরিণাম, শেষ।

নাটের —নটীর সন্তান, বেশ্যা পুত্র।

কুঠের —তুলসী, অগ্নি, অর্জ্জক।

পতের —পক্ষী, আঢ়ি, গর্ত্ত, বিবর, আঢ়ক, গমনকর্ত্তা।

শতের —শত্রু, অরি, বৈরী, অরাতি, হিংসা, ক্ষতি, আঘাত

সতের —সংখ্যা বিং (১৭)

গুধের —আশ্রয়দাতা, রক্ষক, পালক, রক্ষাকর্ত্তা।

গৌধের—গোধিকাত্মজ, গোসাপের বাচ্ছা।

কাফের—(যাং) বিধর্ম্মী, নাস্তিক।

কাবের—কুঙ্কুম।

কুবের —যক্ষরাজ, ধনাধিপতি।

কৌবের—কুবের সম্বন্ধীয়, কুড় গাছ, উত্তর দিক্ বা দেশ

হ্রিবের—স্বনাম খ্যাত গন্ধদ্রব্য বিং, বালা।

গড়ের —মেষ, ভেড়া।
গুড়ের —গ্রাস. গুড় পক্ক তামাক।
মূলের —জটা, গাছের ঝুরি।
দশের —হিংস্র জন্তু, হিংসক।
দংশের —ঘাতুক, হিংসক, পীড়া দায়ক।
দাসের —উষ্ট্র, দাসী পুত্র।
গুহের —রক্ষা কর্ত্তা, কামার।
মুহের —মূর্খ, মূঢ়।

এর—অন্ত। (৪) চতুরক্ষর।

আকোকের—দশম রাশি, মকর রাশি।
চাটকের —চটক পুত্র, চড়ুই পাখীর বাচ্ছা।
ঘোরফের —[দেং] গোলযোগ, উল্টাপাল্টা।
শৃঙ্গবের —আদা, শুঁঠ, চণ্ডালগড়, গুহক চণ্ডালের পুরী
পীতকাবের্—কুঙ্কুম. পিত্তল।

ঐর—অন্ত। (২) দ্ব্যক্ষর।

বৈর - বিরোধ, শত্রুতা।
স্বৈর —আত্মবশ, স্বাধীন, স্বচ্ছন্দ, মন্দ, জড়।

ঐর—অন্ত। (৪) চতুরক্ষর।

চাটৈকের —চটক পুত্র, চড়ুই পাখীর বাচ্ছা।
জাতিবৈর—স্বাভাবিক শত্রুতা, মূষিক নকুলের শত্রুতা।

ওর—অন্ত। (২) দ্ব্যক্ষর।

ছোর্ —[ইং] ঘা, ক্ষত।

ডোর্ —[ইং] দরজা।

পোর্ —[ইং] লোমকূপ।

রোর্ —[ইং] সিংহ গর্জ্জন।

ফ্লোর্ —[ইং] মেজে, সান।

ক্রোর —[ক্রোড়] (দেং) এককশত লক্ষ, কুররপক্ষী, কোল

খোর —খঞ্জ,খোঁড়া,পশ্বাদির রোগ বিং,জ্বর[যাং] খাদক

গোর —[যাং] সমাধি স্থান, গৌর বর্ণ।

ঘোর —শিব, ঋষি বিং, বিষ, দুর্গম, অদ্ভুত, ঘোরাল,
অব্যক্ত, কঠিন, মহৎ, তমঃ, সাচ্ছাদিত, ভয়ঙ্কর

চোর —তস্কর, যে চুরিকরে, গন্ধদ্রব্য বিং।

জোর —[যাং] শক্তি, বল।

ডোর —বাহু প্রভৃতির বন্ধন সূত্র, রজ্জু বিং।

ভোর —[দেং] প্রাতঃকাল, নিশাবসান।

তোরং—[যাং] পেটারা, পেঁড়া।

দোরং—[যাং] মৃত্তিকার চাপ, দুই রং।

ওর—অন্ত। (৩) ত্র্যক্ষর।

শিওর্ —(ইং) নিশ্চিত। [দেং] মাথা রাখার স্থান।

বিফোর্—(ইং) পূর্ব্বে, অগ্রে।

জাওর —(দেং)উদ্গার করিয়া পুনর্ব্বার চর্ব্বণ।

খয়োর —খদির, খয়ের।

চকোর —যে পাখী চন্দ্রিকা পানে তৃপ্ত হয়-চক্রবাক।

অঘোর —শিব, ভয়ানক।

কঠোর —কঠিন, নিষ্ঠুর, পূর্ণ, দৃঢ়, নির্দ্দয়।

কিশোর—শিশু, অপ্রাপ্ত বয়স্ক, সূর্য্য, অশ্ব শিশু, তৈল পর্ণ্যৌষধি, নবযুবা-১১ হইতে ১৫ বৎসর বয়স্ক

কৈশোর—নবীন বয়স্ক, বাল্যাবস্থা।

যশোর —বঙ্গদেশের পূর্ব্বভাগে অবস্থিত নগর বিং।

সহোর —সাধু, ধার্ম্মিক, মুনি, ঋষি।

ওর—অন্ত। (৪) চতুরক্ষর।

ডেবিফোর্ —[ইং] গত পরশ্ব।

গাঁজাখোর —[দেং] যে অত্যন্ত গাঁজা খায়-গাঁজাড়ু।

গুলিখোর —[মদতখোর] (দেং) আফিংখোর।

শব্দচোর —খোসামুদে, অন্যের বাক্য হারক।

পাইজোর —[দেং] অলঙ্কার, পদাভরণ বিং।

অকঠোর —অকর্কশ, অকঠিন, মৃদু।

চসমখোর —[দেং] নিন্দুক, নিমক হারাম।

ওর—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

ছিঁচকাচোর—[দেং] সামান্ত চোর।

ব্রজকিশোর—শ্রীকৃষ্ণ, ব্রজনাথ, ব্রজের বালক।

ঔর—অন্ত। [২] দ্ব্যক্ষর।

ক্ষৌর—কামান, ক্ষুর সংক্রান্ত, মুণ্ডন, ক্ষৌর কর্ম্ম।

গৌর —শ্বেত-পীত-লোহিত বর্ণ, শ্বেতরক্ত, বিশুদ্ধ, পরিস্কার, শ্বেত সর্ষপ, ধব বৃক্ষ, স্বর্ণ, কুঙ্কুম, পদ্ম কেশর, অরুণ বর্ণ, চন্দ্র, চৈতন্য দেব।

চৌর —চোর-যে চুরি করে, সুগন্ধি দ্রব্য বিং।
পৌর—পুরবাসী, নাগরিক, রাম কর্পূর, নাগর জন।
সৌর—যম, শনি, মনু বিং, বালী, সুগ্রীব, সূর্য্যের উপাসক, সূর্য্য সম্বন্ধীয়, শনি গ্রহ।

ঔর—অন্ত। (৪) চতুরক্ষর।

ভিত্তিচৌর—[বন্দিচৌর,সন্ধিচৌর,অধশ্চৌর] সিঁদচোর
প্রসহ্যচৌর—ডাকাইত, দস্যু।

রা। (১) একাক্ষর।

রা —শব্দ, কাঞ্চন, দান, বিক্রম [ধা] রতি,অরাতি,রাত্রি
রাং—[দেং] ধাতু বিং, রাঙ্গ, ত্রপু।

অরা—অন্ত। (২) দ্ব্যক্ষর।

জরা —বার্দ্ধক্য, জীর্ণতা, রাক্ষসী বিং, কালকন্যা, মৃত্যুকন্যা, ক্ষীরাই গাছ, শেষাবস্থা, শ্লথ মাস।
ধরা —ধরণী, পৃথিবী, নাড়ী, গর্ভাশয়,জরায়ু, মেদ, ধৃত, শরীরাভ্যন্তরস্থ রক্তস্থলি বিং, মহাদান বিং।
পরা —প্রাধান্য, বিমোক্ষ, তিরস্কার, আভিমুখ্য, ক্ষতি, বিক্রম, ভৃশার্থ, গতি, বধ, উপসর্গ বিং, ভঙ্গ, অনাদর, অহঙ্কার, অতিশয়, ধর্ষণ,প্রত্যাবৃত্তি।
মরা —[দেং] মৃত, গতাসু, মড়া, শুষ্ক।
শরা —[দেং] মৃৎপাত্র বিশেষ।
বক্‌রা—[যাং] পাঁঠা, ছাগল।
বখ্‌রা —[যাং] ভাগ, অংশ।

দফ্‌রা —[যাং]তরঙ্গ, তুফান।

খড়্‌রা—[খরুরা] অশ্ব গাত্র মার্জ্জানার্থ লৌহময় যন্ত্র বিং

অরা—অন্ত। (৩) ত্র্যক্ষর।

খয়রা —[দেং] মৎস্য বিং, বাদ্যের তাল বিং, দাগযুক্ত

পায়রা —[দেং] কপোত, পারাবত।

ময়রা —[দেং] বর্ণ সঙ্কর জতি বিং, মোদক।

অকরা —আমলকী, কিরণ হীনা স্ত্রী।

ছোকরা- [দেং] কিঞ্চিদ্বয়ঃস্থ বালক, শিশু।

টাকরা —[দেং] তালু।

টুকরা —[দেং] খণ্ড, অংশ।

সেকরা—সোণার, স্বর্ণজীবী জাতি বিং।

মর্করা —দরী, কন্দর, গুহা, ভাণ্ড, ভাঁড়, বন্ধ্যা স্ত্রী।

শর্করা —চিনী, খাঁড়, কাঁকর, কুল্লুই, খণ্ড, দানা, রোগ বিং

মস্করা —কৌতুক, পরিহাস করণ, ভণ্ডামী করণ।

শিখরা —নব মালিকা, দ্রাক্ষা বিং, ছন্দো বিং, মুর্ব্বালতা

আঙ্গরা —আঙ্গার সমূহ, কয়লা।

খাঙ্গরা —[দেং] সম্মার্জ্জনী, ঝাঁটা।

নোঙ্গরা—[দেং] অপবিত্র, অশুদ্ধ, অপরিস্কার।

ঘাঘরা —পরিধেয় বস্ত্র বিং, তুঁষ, রাই সরিষা।

অচ্ছরা —বেশ্যা, বারাঙ্গনা,।

অজরা —জীর্ণকঞ্জিলতা, গৃহ কন্যা, ঘৃতকুমারী।

গজরা —[দেং] হস্তালঙ্কার বিং।

পাঁজরা —(দেং)উদরের পার্শ্বভাগ,শরীরের পার্শ্বাস্থি।
পিঁজরা—[পিঞ্জরা](দেং) খাঁচা, পিঞ্জর।
বজরা —(দেং) আরোহী, নৌকা-বৃহৎ নৌকা বিং।
বাজরা —(দেং) বংশাদি নির্ম্মিত বৃহৎ পাত্র,বড়চেঙ্গারী
মাজরা —[যাং] অঙ্কু, ঘটনা, মূল কথা।
মুজরা —[যাং] মঞ্জুর করা, গ্রাহ্য ক্রু।
কুঞ্জরা —ধাতুকী পুষ্প,ধাই ফুল,পাটলা বৃক্ষ,হস্তিনী।
ঝাঁঝরা—[ঝাঞ্জরা] (দেং) বহু ছিদ্র যুক্ত, হাতা বিং।
কোটরা—[দেং] আধার, পাত্র বিং।
পেটরা —(দেং) পেটিকা, পেঁটেরা, পেঁড়া।
কাঠরা —(দেং) কাঠ নির্ম্মিত গৃহ, বেষ্টিত স্থান।
অন্তরা —ব্যতিরেকে, মধ্যে,সমীপে,গানের পদ বিং।
মন্থরা —কেকয়ীর দাসী।
কেদরা—(দেং) আসন বিং, চেয়ার, মাচিয়া।
বাদরা —কার্পাস বৃক্ষ, সুত্র পুষ্পা।
অধরা —(দেং) ত্যক্ত উচ্ছিষ্ট বিং।
অপরা —জরায়ু, পশ্চিম দিক্, অন্যা।
খাপরা —(দেং) খোলা, দগ্ধ মৃত্তিকা খণ্ড।
আবরা —(দেং) অল্প দৃষ্টি, চক্ষুঃ পীড়া,আবরণ,খোল।
উবরা —(দেং)উদ্বৃত্ত,বাড়্তি,বিস্তর,অধিক,উল্টাপাক
নিবরা —কুমারী, অবিবাহিতা, অনূঢ়া।
ভাবরা —[ভাপরা] (দেং) উত্তাপ দেওয়া।

স্রগ্ধরা —একবিংশত্যক্ষর পাদচ্ছন্দো বিং।

সম্বরা --(দেং) ব্যঞ্জন পুনঃ২ পাক ক্রু, সাঁতলান।

উর্ব্বরা —[উর্ব্বরা] যাহাতে সর্ব্ব শস্য জন্মে,শস্যযুক্তস্থান

আমরা—আমি শব্দের বহু বচন।

কামরা—(দেং) কুঠরী, গৃহ, ঝুপড়ি।

চোমরা—[দেং] চমর যুক্ত, খোসামুদে কথা বলন।

ঢামরা --হংসী, স্ত্রীহংস।

তোমরা—[দেং] দ্বিতীয় পুরুষের বহু বচন।

ভোমরা—[দেং] অলি, মধুকর।

হামরা —(দেং) আমরা, মোরা।

কড়রা —(দেং) কঠিন, দৃঢ়, কর্কশ।

দোসরা—(দেং) মাসের ২য় দিবস,ভিন্ন,অপর,দ্বিতীয়।

পসরা —(দেং) ক্ষণিক বৃষ্টিপাত, পণ্য সমূহ।

মৎসরা—মাছি, মক্ষিকা, অহঙ্কার যুক্তা।

অপ্সরা —[অপ্সরাঃ] স্বর্গ বেশ্যা, উর্ব্বশী।

কিন্তরাং -দুয়ের মধ্যে অতি কুৎসিত রূপ।

অরা—অন্ত। (৪) চতুরক্ষর।

পুচ্‌করা —(দেং) জিজ্ঞাসা করা।

পৃষাকরা --বাটখারা, ক্ষুদ্র শিলা।

মিতাক্ষরা —স্বনামপ্রসিদ্ধ স্মৃতিগ্রন্থ বিং।

দৃষ্টিধরা —চক্ষুর তারা, নেত্র মণি।

চবুতরা —[চৌতরা] চৌখোপী স্থান,থানা,দালান।

পুরন্দরা —ভাগীরথী, গঙ্গা, জাহ্নবী, সুরধুনী।
শিরোধরা —গ্রীবা, গলদেশ, ঘাড়।
অসৃগ্ধরা —চর্ম্ম, ত্বক্।
ভূকন্ধরা —যে সংকীর্ণভূভাগ বৃহৎ ভূখণ্ডকে যোগ করে
বসুন্ধরা —পৃথিবী, বসুমতী।
পরম্পরা —ধারা, শ্রেণী, মৃগ ভেদ, বধ, হিংসা, সমূহ, বংশ,
অন্বয়, সন্ততি, পরম্পরানুক্রম, ক্রমে২, আনুপূর্ব্বী
স্বয়ংবরা —[স্বয়ম্বরা] স্বয়ং পতি গ্রাহিণী স্ত্রী।
মহাবরা —দূর্ব্বা, তৃণ বিং।
সরিদ্বরা —গঙ্গা, ভাগীরথী।
পতিম্বরা —স্বয়ম্বরা, কৃষ্ণজীরক, কেলেজীরে।
জারভরা —বেশ্যা, গণিকা।
ঋতম্ভরা —সত্যজ্ঞান রূপ মনোবৃত্তি বিং।
বিশ্বম্ভরা —পৃথিবী, ক্ষিতি।
পঞ্চামরা —দূর্ব্বা-বিজয়া-বিল্ব-নির্গুণ্ডী-কালতুলসী—৫।
নাড়ীমরা —[দেং] পেটমরা, অল্পাহারী, মন্দাগ্নি।
দ্বিবেশরা —ছোট রথ, লঘু রথ।
বিকস্বরা —রক্ত পুনর্ণবা।
মনোহরা —মিষ্টান্ন বিং, যূঁই ফুল, জাতীপুষ্প, যূথিকা।
দশহরা —জ্যৈষ্ঠমাসের শুক্ল দশমী, গঙ্গার জন্ম দিন।
বিষহরা —মনসা দেবী, বাসুকীর ভগ্নী, জরৎকারুপত্নী
মসাহরা —[যাং] মাসিক বেতন, মাস মাহিনা।

অরা—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

আলমায়রা —[ইং] আলমারি।

কাঠঠোকরা—[দেং] রক্তবর্ণ বৃহৎ চঞ্চুবিশিষ্ট পক্ষী বিং।

পাণ্ডুশর্করা —পাথুরি রোগ।

দন্তশর্করা —দাঁতের ময়লা, দন্ত লগ্ন মল।

তুলশর্করা —কার্পাসের বীচ।

বংশশর্করা —বাঁশজ ঔষধ বিং, বংশলোচনা।

গুড়শর্করা —উত্তম চিনি।

সুতবঙ্করা —সপ্তপুত্রের মাতা।

উগ্রশেখরা —[হরশেখরা] গঙ্গা, জাহ্নবী।

আলকাতরা—[যাং] তার, পিচ।

সরিতাম্বরা —ভাগীরথী, গঙ্গা।

সমুদ্রাম্বরা —[সাগরাম্বরা] পৃথিবী, পৃথ্বী।

অরা—অন্ত। (৬) ষড়ক্ষর।

কর্ণপরম্পরা—এক কাণ হইতে অন্য কাণ।

কপালঠাহরা—(দেং) অদৃষ্টের উপর নির্ভর ক্রু।

আরা—অন্ত। (২) দ্ব্যক্ষর।

আরা—চর্ম্ম ভেদক অস্ত্র, কাষ্ঠ ভেদক যন্ত্র, তুরপুন।

কারা —বন্ধন স্থান, বন্ধন, দূতী, জেলখানা, বীণাভাণ্ড।

খারা —[দেং] খাঁটি, সরল, অকৃত্রিম।

গারা —[দেং] কর্দ্দম, কাদা বিং।

চারা —(দেং) ক্ষুদ্র বৃক্ষ, উপায়, হস্তীর খাদ্য।

জারা—[দেং] লোহার মল, মরিচা।

তারা—যিনি সংসারের দুঃখ নিস্তার কারিণী=দুর্গা, বৌদ্ধদেবী, বালীরাজার স্ত্রী, সুগ্রীবপত্নী, বৃহস্পতির ভার্য্যা, বিশুদ্ধ মুক্তা, অক্ষি কনীনিকা।

দারা—ভার্য্যা, স্ত্রী, বনিতা। [দেং] দাগ, ময়লা পড়া।

দ্বারা—সাহয্যে, করণক, হেতু।

ধারা—শ্রেণী, নির্ঝর, অস্ত্রাদির তীক্ষ্ণ প্রান্তভাগ, রীতি, সাদৃশ্য, উৎকর্ষ, যশঃ, ক্রমাগত স্থিতি, সমূহ, অবিচ্ছিন্ন জল বর্ষণ, নগরী বিং, ঘটাদির ছিদ্র, অধ্যায়, প্রকরণ, জলপাত, প্রকার, চাকা।

নারা—জল, পয়ঃ, সলিল, উদক, অম্বু, বারি।

পারা—পারিযাত্র পর্ব্বতনিঃসৃতা নদী (দেং) পারদ, তুল্য

বারা—[দেং] ধানভানা যন্ত্র=ঢেঁকি।

ভারা—(দেং) বংশনির্ম্মিত উচ্চস্থান, মাচা, ভারি।

মারা—(দেং) আঘাত করণ, প্রহার করা।

আরা—অন্ত। (৩) ত্র্যক্ষর।

কুয়ারা—[দেং] মস্করা, তামাসা, ফেকনা।

পিয়ারা-[পেয়ারা] (দেং) ফল বিং। (যাং) আদরের পাত্র।

টিকারা—(দেং) বাদ্যযন্ত্র বিং, দুন্দুভি বাদ্য।

বিখারা—স্বরের অমিলন, অনন্বিত।

সঙ্কারা—হরিদ্রা, হলুদ।

ত্রিধারা—ত্রিস্রোত, নিয়মত্রয়, গঙ্গা।

কিনারা —(দেং) ধার, কুল, পার্শ্ব।
নিঃসারা—কদলী বৃক্ষ, কলাগাছ, সার রহিত।
চেহারা —(দেং) অবয়ব, আকৃতি।
ছুহারা —[ছোহারা] (দেং) খর্জ্জুর বিং।
তিহারা —[তেহারা] (দেং) তিন গুণ, তিন ফেরা।
দোহারা —দ্বিগুণীকৃত, পুনর্ব্বার, দ্বিতীয়, স্থূলাঙ্গী।
বেহারা —(দেং) যান বাহক, কাহার।

আরা—অন্ত। (৪) চতুরক্ষর।

ধুনখারা —[ধনুখারা] (দেং) তুলা পরিষ্কারক যন্ত্র।
শততারা —শতভিষা নক্ষত্র।
উপতারা —ক্ষুদ্রতর নক্ষত্র, নেত্রতারকামণ্ডল।
বেলেস্তারা—(পেলেস্তারা) [ইং] ফোস্কা উঠান মলম।
খণ্ডধারা —কাঁচী, কর্ত্তরী।
সোমধারা—অন্তরীক্ষ, আকাশ, গগণ।
নরাধারা —পৃথিবী, মেদিনী।
খলাধারা —তৈলপায়িকা, তেলাপোকা, আশুর্লা।
বসুধারা —কুবের পুরী, জৈন শক্তির মধ্যে এক শক্তি
কুড্য লগ্ন ঘৃতধারা, ভিত্তিতে দত্ত ঘৃতরেখা।
মেদামারা—(দেং) বোকা, নির্ব্বোধ।
টপ্পামারা —(দেং) উপরে২ কার্য্য কারক।
ধাপ্পামারা—[দেং] ফাঁকি দ্বারা কিছু আত্মসাৎ কৃ।
তৃণসারা —কদলী বৃক্ষ।

একহারা —একমাত্র, একপুরু, কৃশ শরীর।

আরা—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

পর্ব্বতাধারা —পৃথিবী, ক্ষিতি।

পামরোদ্ধারা—গুড়ুচী, ছোট এলাচি।

বিশ্বৌকসারা—ইন্দ্রের রাজধানী, অলকা পুরী—ইহা দেবতার আবাসস্থান,ইন্দ্রনদী,অযোধ্যা

ইরা—অন্ত। (২) দ্ব্যক্ষর।

ইরা —বাক্য, পৃথিবী, মদ্য, জল,অন্ন, স্বরস্বতী, কশ্যপের পত্নী বিং। (ইং)ফল।

কিরা —(দেং) দিব্য, শপথ, বিশেষ প্রকার প্রতিজ্ঞাবদ্ধ

খিরা —[ক্ষীরা] শশা, কাকোলি, ফল বিং।

গিরা —গাঁটি, গাঁইট, বাক্য, সরস্বতী, বাণী।

ঘিরা —[দেং] বেষ্টন ক্রি, ঘেরা।

জীরা —জীরক, মসলা বিং।

ধীরা —নায়িকা বিং, গম্ভীর চিত্ত। (নাগরী দেখ)

বীরা —পতি পুত্রবতীনারী, মদিরা, কলা, লতা বিং।

শিরা —শরীরস্থ রক্ত গমনাগমনের পথ,শির,নাড়ী,ধমনী

হীরা —লক্ষ্মী, মৎস্য বিং, পিপীলিকা, রত্ন বিং,হীরক।

ইরা—অন্ত। (৩) ত্র্যক্ষর।

ঘুৎকিরা—কীট বিং, ঘুর্ঘুরে পোকা।

ত্বক্ক্ষীরা—বংশলোচন, বাঁশ কর্পূর।

মদিরা —মদ্য, সুরা, ছন্দো বিং, খঞ্জন পাখী।

ইন্দিরা —লক্ষ্মী, কমলা, বিষ্ণু পত্নী।
মন্দিরা —বাদ্য যন্ত্র বিশেষ, মন্দির, গৃহ।
করীরা --চীরিকা কীট, ঝিঁঝিঁ পোকা, হস্তীর দন্ত মূল
অশিরা —মস্তক শূন্য, মাথা রহিত, কবন্ধ।
অঙ্গিরাঃ—বৃহস্পতির পিতা।
ত্রিশিরাঃ--কুবের, রাক্ষস বিং, জ্বর পুরুষ, ত্রিমস্তক।

ইরা—অন্ত। (৪) চতুরক্ষর।

প্রত্যঙ্গিরা—দেবী বিশেষ।
লাকড়িংরা—(দেং) অবাধ্য, দুর্দ্দান্ত, দুষ্ট।
ধীরাধীরা—নায়িকা বিং। (নাগরী দেখ)
সদানীরা —করতোয়া নদী।
ঝাড়াফিরা--[দেং] বাহ্যে যাওয়া, ওলাউঠা।
একশিরা --(দেং) স্ফীত কোষ, রোগ বিং।
প্রতিশিরা—তিরস্করণী, পর্দ্দা, যবনিকা।
দন্তশিরা —দাঁতের মাড়ী, দন্তাধার।
সপ্তশিরা —নাগবল্লী লতা।
কালশিরা —কৃষ্ণবর্ণ, আঘাত, চিহ্ন, ক্ষত চিহ্ন।
মৃগশিরাঃ-মৃগশিরা নক্ষত্র। অবাক্‌শিরাঃ-অবনত মস্তক

উরা—অন্ত। (২) দ্ব্যক্ষর।

কূরা --রক্ত পুনর্ণবা।
খুরা —(দেং) পায়া, খট্টাদির পদ।
চুরা —চৌর্য্য, চুরি, অপহরণ।

ছুরা —চূর্ণ, চূণ, সুধা, নিক্ষেপ করা।

ঝুরা —(দেং) ঘৃতপক্ক খাদ্য দ্রব্য বিং, চূর্ণ।

তুরা —শীঘ্র, ত্বরা, বেগ।

ধুরা —শকটের অগ্র, চিন্তা, স্মরণ, সম্মুখ, অক্ষদণ্ড, প্রথম, বোঝা, বিত্ত, ধন, অংশ, ভার, গঙ্গার নামান্তর।

পুরা —পূর্ব্ব কালে, নিকট, পশ্চাৎ, পূর্ব্ব বৃত্তান্ত, বাক্য রচনা, প্রবন্ধ, চির, ভীরু, সুগন্ধি দ্রব্য বিং।

ভুরা —[দেং] খাঁড় বিং, চিনি বিং।

মুরা —গন্ধ দ্রব্য বিং, নন্দরাজার দাসী।

সুরা —মদিরা, চষক, পানপাত্র, মদ্য, সর্পিণী।

উরা—অন্ত। (৩) ত্র্যক্ষর।

বাউরা —[যাং] উন্মত্ত, পাগল।

বাগুরা —জাল, ফাঁদ, পাশ, মৃগবন্ধনী।

আজুরা—[মজুরা] [যাং] ভাড়া, বেতন।

মুজুরা —(যাং) প্রাপণ, মিনাহ পাওন।

কণ্ডূরা—যে কণ্ডূ দেয়=আলকুশী বৃক্ষ।

মথুরা —[মথুরা, মধুরা] নগরী বিং, শ্রীকৃষ্ণের রাজধানী

মন্দুরা —অশ্বশালা, মাদুর।

ত্রিপুরা—দেবী বিং, দেশ বিং।

বল্লুরা —গহন, অরণ্য, উষর ভূমি, লোণা স্থান।

অম্বুরা —[বাগুরা] রাত্রি, রজনী, নিশী।

বস্মুরা —বেশ্যা, নটী।

বাসুরা —রাত্রি, হস্তিনী, স্ত্রী, পৃথিবী, ভূমি।

মসুরা —বেশ্যা, মসুরী কলাই।

উরা—অন্ত। (৪) চতুরক্ষর।

অশ্বখুরা —অপরাজিতা লতা।

একধুরা —এক ভার।

অক্ষধুরা —চক্রাগ্র।

দুরুধুরা —গ্রহাদির মধ্যে চন্দ্রের স্থিতিরূপ যোগ বিং

তানপূরা —(দেং) বীণাকার বাদ্য যন্ত্র বিং।

হরহূরা —দ্রাক্ষা, আঙ্গুর।

উরা—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

মাধ্বীমধুরা —মধুরা খর্জ্জুরিকা, পিণ্ডিখেজুর।

খইয়াগোখুরা—সর্প বিং।

এরা—অন্ত। [২] দ্ব্যক্ষর।

টেরা —(দেং) বক্র চক্ষুঃ, টেরক, বলির।

ঢেরা —(দেং) শোণ ও পাট কাটিবার যন্ত্র, নিশান সহি

এরা—অন্ত। (৩) ত্র্যক্ষর।

কণেরা—করিণী, বেশ্যা, কর্ণিকার বৃক্ষ।

কলেরা—(ইং) ওলাউঠা।

প্রসন্নেরা—মদ্য, মদিরা, সুরা।

ওরা—অন্ত। (২) দ্ব্যক্ষর।

ঘোরা—ভয়ানক রাত্রি, বিষ, ভয়, ভয়ঙ্কর, মহৎ, দুর্গম, বিষম, দেবদালি লতা, ঘুরণ, চক্রবৎ ফিরণ।

বোরা —(দেং) গুণ, থলিয়া, ছালা, ধান্য বিং।

শোরা —(যাং) যবক্ষার, ক্ষার বিং।

হোরা —লগ্ন, ২॥০ দণ্ড পরিমিত কাল, শাস্ত্র বিং, রেখা

কোব্‌রা-(ইং) গোক্ষুর সাপ।

ওরা—অন্ত। (৩) ত্র্যক্ষর।

কাওরা —(দেং) নীচ জাতি বিশেষ।

বেওরা —(যাং) বৃত্তান্ত, বিবরণ।

অঘোরা—ভাদ্রমাসের কৃষ্ণা চতুর্দ্দশী।

কটোরা—(দেং) মৃণ্ময় পাত্র বিং, মাটির বাটী।

পাসোরা-(দেং) বিস্মৃতি, ভ্রম।

মুখ্‌চোরা—(দেং) লজ্জাশীল, লাজুক।

রি। (১) একাক্ষর।

ঋ —কর্ণ, নাসিকা, অদিতি, দেব মাতা, হাস্য, পরিহাসসূচক বাক্য, সপ্তমী, শিরোমালা, ক্রিয়া ইত্যাদি। (ধা) হিংসন-ঋণ, ঋত, উত্তমর্ণ, অধমর্ণ, অরি, অলি।

ৠ —স্মৃতি, দনু, দানব, শিব, বক্ষঃস্থল, স্বর্গ, দিতি, অদিতি, রক্ষা, ভয়, বামনাসিকা, তিরস্কার, অষ্টম্যাদি।

রি —(ধা) গমন-রয়ণ, রয়, রেণু।

রী —(ধা) গমন, রক্ষণ-রীতি, রীণ, রচ, রেতস্।

রিং—(ইং) আংটি।

অরি—অন্ত। (২) দ্ব্যক্ষর।

অরি —শত্রু, কামাদি ছয় রিপু, চক্র।

করী —হাতী, হস্তী।

ক্ষরী —ক্ষরণ বিশিষ্ট।

চরি —পশু, প্রাণী, জন্তু।

জরী —জীর্ণ, বৃদ্ধ। (যাং) স্বর্ণ ও রৌপ্য সূত্র বিং।

জ্বরী —জ্বর যুক্ত, যাহার জ্বর হইয়াছে।

তরি —(তরী) নৌকা, তরণী, বস্ত্র দশা।

তুরী —ধূম, ধূঁয়া।

দরি —গিরি গহ্বর, পর্ব্বতের গুহা। [দেং] সতরঞ্চ।

দরী —পর্ব্বত গুহা, দেবখাত, বিল, নব্য, চিত্রিত বস্ত্র।

নরী —অবলা, রমণী, নরজাতীয়া স্ত্রী।

পরি —উপসর্গ, সর্ব্বতোভাবে বর্জ্জন, ব্যাধি, শেষ, ইথস্তাব, এই প্রকার, বীপ্সা, লক্ষণ, আখ্যান, দোষাখ্যান, পূজা, ব্যাপ্তি, ভূষণ, নিয়ম, ত্যাগ, অতিশয়, সম্পূর্ণ রূপে, চিহ্ন, ভাগ।

পরী —উপদেবতা বিং।

বরী —সূর্য্য পত্নী, শতাবরী লতা।

ভরি —এক তোলা, এক টাকার ওজন।

শরী —এরাকা তৃণ, ইকড় গাছ।

সরি —(সরী) ঝরণা, জলপ্রপাত।

হরি —ঘোটক, সিংহ, সূর্য্য, চন্দ্র, পবন, বিষ্ণু, ইন্দ্র, যম, রশ্মি, সর্প, শিব, বানর, ভেক, শুকপক্ষী, পৃথিবীর ৯ বর্ষের মধ্যে ১ বর্ষ, ময়ূর, কোকিল,

অগ্নি, হংস, ব্রহ্মা, পীত বর্ণ, হরিৎ বর্ণ, ধূসর বর্ণ, কপিশ বর্ণ, পিঙ্গল বর্ণ। [দেং] হরণ করি।

অরি—অন্ত। (৩) ত্র্যক্ষর।

অকরি —আকরীয়।

ছুকরী —(দেং) অল্প বয়স্কা স্ত্রী, বয়স্থা কন্যা।

টোকরী—[টুকরি] (দেং) ঝুড়ী, চুপড়ী।

ঠিকরী —(দেং) খাপরা, পিষ্টক বিং, খোলা।

দ্বিকরী —যাহার দুই হাত, যথা—মনুষ্য।

বকরী —(দেং) ছাগী, স্ত্রী ছাগ, ধাড়ী ছাগল।

মকরি —সমুদ্র, রত্নাকর, বারিধি।

মাকরী—মাঘ মাসের শুক্লা সপ্তমী, মকররাশি সম্বন্ধীয়

শাকরী—প্রাকৃত ভাষা।

ডিকরী—ষোড়শী রমণী, যৌবনবতী স্ত্রী।

শক্করি —বৃষ, ষণ্ড, ষাঁড়।

শক্করী —ছন্দো বিং, নদী বিং, কটিবেষ্টন, চন্দ্রহার।

কিঙ্করী—দাসী, চাকরাণী।

শঙ্করী —শিবানী, ভবানী, দুর্গা, অম্বিকা, শমী বৃক্ষ।

সঙ্করী —নব দূষিতা কন্যা।

শাঙ্করি—কার্ত্তিকেয়, স্কন্দ, গণেশ, লম্বোদর, অগ্নি।

শর্করী —ছন্দো বিং, মেখলা, লেখনী।

কর্করী—স্বল্প জলপাত্র, গাড়ু, কঠিন, দৃঢ়, কর্কশ।

তস্করী —অপহার, চৌর্য্য, কোপনা স্ত্রী।

পুষ্করী—হস্তী, গজ, মাতঙ্গ।

মস্করী—ভিক্ষু, চতুর্থাশ্রমী, চন্দ্র, শশী।

বৈখরী—কণ্ঠ হইতে শব্দোৎপত্তির ব্যাপার বিং, বাগ্বর

শিখরী—পর্ব্বত, বৃক্ষ, পক্ষী, টিট্টিভ পক্ষী।

গাগরী—ক্ষুদ্রকলসী, ঘট।

জাগরী—জাগরণ কারী, জাগরিত।

নাগরী—নাগর পত্নী, সিজের গাছ, নাগরী গুড়, অক্ষর বিং, নায়িকা বিং, যথা—(রসমঞ্জরী)

(নাগরী)—স্বীয়া পরকীয়া আর সামান্য বনিতা।
অগ্রে এই তিন ভেদ পণ্ডিত বর্ণিতা॥

(স্বীয়া)—কেবল আপন নাথে অপরাধ যার।
স্বকীয়া তাহার নাম নায়িকার সার॥

(মুগ্ধা)—মুগ্ধা বলি তারে যার অঙ্কুর যৌবন।
বয়ঃসন্ধি সেই কালে বুঝ বিচক্ষণ॥

(তদ্ভেদ)—মুগ্ধার প্রভেদ দুই করিব বর্ণনা।
অজ্ঞাত যৌবনা আর বিজ্ঞাত যৌবনা॥

(অজ্ঞাত)—হয়েছে যৌবন যার নহে অনুভব।
অজ্ঞাত যৌবনা তাকে বলে কবি সব॥

(বিজ্ঞাত)—নিজ নবযৌবন যে ব্যক্ত করে ছলে।
বিজ্ঞাত যৌবনা তাকে কবিবর বলে॥

(মধ্যা)—লজ্জা আর রতি আশা সমান যাহার।
রসিক পণ্ডিত কহে মধ্যা নাম তার॥

(প্রগল্‌ভা)—প্রগল্‌ভা সে রতিরসে পূর্ণ আশা যার।
রতি প্রীতি আনন্দেতে মোহ হয় তার॥
(প্রগল্‌ভার—মানকালে মধ্যা প্রগল্‌ভার তিন ভেদ।
ধীরাদি ভেদ) ধীরা৷ অধীরা আর ধীরাধীরা পরিচ্ছেদ॥
মুগ্ধার এ ভেদ নাই ভয় তার মূল।
ক্রোধ হলে এক ভাব ক্রন্দন আকুল॥
প্রকারে প্রকাশে ক্রোধ যে জন সে ধীরা।
সোজা সুজী যার ক্রোধ সে জন অধীরা॥
কিছু সোজা কিছু বাঁকা যার হয় ক্রোধ।
ধীরাধীরা বলে তারে পণ্ডিত সুবোধ॥
(ধীরার জ্যে--এই ধীরা এ অধীরা এই ধীরা ধীরা।
ষ্ঠাদি ভেদ) জ্যেষ্ঠা আর কনিষ্ঠা দ্বিভেদ হয় ফিরা॥
পতির অধিক স্নেহ যারে সেই জ্যেষ্ঠা।
অল্প স্নেহ যারে তারে বলয়ে কনিষ্ঠা॥
(পরকীয়া)—অপ্রকাশে যার রতি পর পতি সনে।
পরকীয়া তাহারে বলয়ে কবি গণে॥
(তদ্ভেদ)--ঊঢ়া আর অনূঢ়া দ্বিভেদ হয় তার।
ঊঢ়া সেই বিবাহ হইয়া থাকে যার॥
অনূঢ়া সে জন যার হয় নাই বিয়া।
পিত্রাদি অধীন হেতু সেও পরকীয়া॥
(তদন্য ভেদ)-বিদগ্ধা লক্ষিতা গুপ্তা কুলটা মুদিতা।
পরকীয়া নানা ভেদ প্রাচীন লিখিতা॥

(বিদগ্ধা)—বিদগ্ধা দ্বিগত হয় বাক্য আর কাজে।
কথা শুনি কার্য্য দেখি বুঝিবা অব্যাজে ॥

(বাগ্বিদগ্ধা)

চির পরবাসী স্বামী, বিরহে কাতরা আমি,
বসন্তে মাতিল কাম কেমনে বা থাকিব।
প্রভুর কুসুমোদ্যান, বড় মনোহর স্থান,
মনুষ্যের গম্য নহে সেই স্থানে যাইব ॥
ডাকে পিক অলিকুল, ফুটে নানা জাতি ফুল,
গাইয়া প্রভুর গুণ রজনী পোহাইব।
করিতে আমার তত্ত্ব, হইবে যাহার সত্ত্ব,
সেই বঁধু তারে দেখা সেই খানে পাইব ॥

(ক্রিয়া বিদগ্ধা)

সুখে শুয়ে পতি আছে, রামা বস্যে তার কাছে,
ইশারায় উপপতি পিক ডাকে ডাকিল।
রামা বলে হলো দায়, পাছে পতি টের পায়,
না দেখি উপায় ভেবে স্তব্ধ হয়ে রহিল ॥
কোকিল ডাকিছে হোর, কাম ভয়ে পাছে ঘোর,
শ্রান্ত আছে নিদ্রা যাও বল্যা চক্ষু ঢাকিল।
জাগ্রত আমার প্রিয়, কেন ডাক বনপ্রিয়,
তার কি তোমারে ভয় বল্যা তুই রাখিল ॥

(লক্ষিতা)—পরপতি রতি চিহ্ন ঢাকিতে যে নারে।
লক্ষিতা করিয়া কবিগণ বলে তারে ॥

(গুপ্তা)—হয়েছে হতেছে হবে পর সঙ্গে রতি।
গুপ্ত করে যে জন সে জন গুপ্তমতি ॥
(কুলটা)—পতির কোলেতে থাকি অনেকেতে কাজ
কুলটা বলয়ে তারে পণ্ডিত সমাজ ॥
(মুদিতা)—পর সঙ্গে রতি আশে উল্লাসিতা যেই।
বিঘ্নহীন দেখিয়া মুদিতা হয় সেই ॥
(সামান্যবনিতা)ধন লোভে ভজে যেই পুরুষ সকলে।
সামান্য বনিতা তারে কবিগণে বলে ॥
(তদ্ভেদ)—অন্যভোগদুঃখিতা আর বক্রোক্তিগর্ব্বিতা
মানবতী আদি ভেদে সামান্য বনিতা।
(সম্ভোগদুঃখিতা)—কহ দূতী গিয়া ছিলে কোন বনে।
বড় শোভয় অঙ্গ ফুলাভরণে ॥
নিজ বেশ করে দড় আইলি লো।
কই গেলি নরাধম সন্নিধি লো ॥
ভুলিয়াছিলি আর ভুলাইলি রে।
মধু গূঢ় বনে কত পাইলি রে ॥
(বক্রোক্তি)—গর্ব্বিতা দ্বিগত হয় রূপে আর প্রেমে।
দুইটী একত্র হলে হীরা যেন হেমে ॥
(রূপগর্ব্বিতা)—মুখ দেখি যদি আরশী ধরে।
বড় বল্যা ছায়া সে লয় হরে ॥
মদনে জানিত অধিক করে।
দেখিতাম কিন্তু গিয়াছে মরে।

(প্রেম গর্ব্বিতা)–অনিমিষ আঁখি স্থির চরিত্র ।
আপনার বঁধু করিয়া চিত্র ॥
আমারে দেখয়ে একি বিচিত্র ।
কহ বঁধু সখী শত্রু কি মিত্র ॥

(মানবতী)

এস পরাণ পুত্তলি এস, ঘরে যাই কিবা বেশ,
আলোতে রহ হে রূপ ভাল করে হেরি হে ।
আল্‌তা কজ্জল দাগ ভালে, অরুণ প্রকাশ রাহুগালে,
ভাবে আছ ভাল জান ভারী ভুরি ঢেরি হে ।।

(নায়িকার অবস্থা ভেদ)

এসব নায়িকা পুনঃ অষ্ট মত হয় ।
বিপ্রলব্ধা সম্ভোগ তাহার পরিচয় ।।
বাসসজ্জা উৎকণ্ঠিতা ও অভিসারিকা।
বিপ্রলব্ধা তার পর স্বাধীন ভর্তৃকা ॥
খণ্ডিতা তাহার পর কলহান্তরিতা ।
প্রেষিত ভর্তৃকা এই অষ্ট পরিমিতা ॥
(বাসকসজ্জা)—পতি হেতু বাস ঘরে যেই করে সাজ ।
বাসসজ্জা বলে তারে পণ্ডিত সমাজ ॥
(উৎকণ্ঠিতা)--স্বামীর বিলম্ব যেই ভাবে অনুক্ষণ ।
উৎকণ্ঠিতা তাহারে বলয়ে কবিগণ ॥
(অভিসারিকা)–স্বামীর সঙ্কেত স্থলে যে করে গমন ।
তারে অভিসারিকা বলয়ে কবিগণ ॥

(বিপ্রলব্ধা)—সঙ্কেত স্থানেতে গিয়া নাহি পায় পতি।
বিপ্রলব্ধা তারে বলে পণ্ডিত সুমতি॥
(স্বাধীনভর্তৃকা) কোলে বস্যা যার পতি আজ্ঞার অধীন
স্বাধীন ভর্তৃকা তারে বলে সুপ্রবীণ॥
(খণ্ডিতা)—অন্য ভোগ চিহ্ন অঙ্গে আসে যার পতি
খণ্ডিতা তাহার নাম বলে শুদ্ধমতি॥
(কলহান্তরিতা)-কলহে খেদায়্যা পতি পশ্চাৎ তাপিতা
কবিগণে বলে তারে কলহান্তরিতা॥
(প্রোষিত —পরবাসে পতি যার মলিনা বিরহে।
ভর্তৃকা) প্রোষিত ভর্তৃকা তারে কবিগণ কহে॥
(প্রোষ্যৎ—যার কাছে আসে পতি প্রবাস গমন।
ভর্তৃকা) প্রোষিত ভর্তৃকা মধ্যে তাহার গণন॥
এ আট লক্ষণে তার না মিলে লক্ষণ।
নবমী নায়িকা হতে পারে কেহ কন॥
কিন্তু অষ্ট নায়িকা সকল গ্রন্থে কয়।
নবমী কহিতে গেলে গণ্ডগোল হয়॥
অতএব দ্বিধা বলি প্রোষিত ভর্তৃকা।
প্রোষিত ভর্তৃকা আর প্রোষ্যৎপতিকা॥

চঞ্চরী —ভ্রমরী, মধুমক্ষিকা, তিন্তিড়ী।

চর্চ্চরী —উৎসব,চাঁচর,বাদ্য-গীত বিং, রাগভেদ, ধ্বনি

মিছরী —[মিসরী] (যাং) গুড় বিকার বিং।

ট্রেজরী —[ইং] ধনাগার, কোষাগার।

হিজরী —(যাং) মুসলমানের প্রচলিত শক।
মঞ্জরী —কুঁড়ী.মুকুল,লতা,তিলকবৃক্ষ,মুক্তি,বৃন্ত,ডাঁটা।
গুর্জ্জরী—রাগিণী বিশেষ, গুর্জ্জর দেশীয় স্ত্রী।
ঝাঁঝরী—বহু ছিদ্র যুক্ত হাতা-বিং, ঝর্ঝরী বাদ্য।
নির্ঝরী—পর্ব্বত,নদী, জলাকর যুক্ত স্থান, নির্ঝর।
মুটরী —(দেং) ক্ষুদ্র মোট, ছোট বোঝা।
টট্টরী —ঢক্কাবিং, বাদ্য যন্ত্র,তামাসা, ঠাট্টা,উপহাস।
কুঠরী —(দেং) গৃহ, কামরা, বেশ্ম, ঝুপড়ী।
গাঁঠরী —(দেং) পুঁটলি, ক্ষুদ্র মোট।
উত্তরী —দোছোট, পৈতের ন্যায় ধৃত বস্ত্র।
জিত্বরী—কাশী, বারাণসী।
ধ্বত্বরী —পৃথিবী, ভূমি।
শত্বরী —রজনী, ক্ষপা, ত্রিযামা, বিভাবরী।
কর্ত্তরী—কাঁচি, কাটারি প্রভৃতি।
উদরী —উদর স্ফীততা রোগ বিং, তুন্দিল,স্থূলোদর।
পাদরী—[যাং] ধর্ম্ম প্রচারক।
নির্দ্দরি—গুহা, গহ্বর, দরী।
উপরি —উর্দ্ধে,উপরে,অনন্তর,পরে। (দেং) বাজে।
কাফরী—আফ্রিকা দেশ বাসী।
শফরী —প্রোষ্ঠী মৎস্য, পুঁটী মাছ।
চীবরী —বৌদ্ধ সন্ন্যাসী।
ডাবরী —(দেং) ক্ষুদ্র কলসী, ছোট ঠিলা।

ডুবরী —(দেং) নিমজ্জক, ডুবারু।

ধীবরী —কৈবর্ত্তিনী, জেলেনী।

শম্বরী —মায়া, কপট,আখু কর্ণী বৃক্ষ, ইন্দুর কাণী গাছ

সম্বরী —শতাবরী লতা, থুলকুড়ী শাক, মূষিকপর্ণী।

শাম্বরী —ইন্দ্রজাল, ভেল্কী, কুহক, জলশুক্তি, শামুক।

শর্ব্বরী —রাত্রি, নারী, হরিদ্রা।

শাম্ভরী —(সাম্ভরী) স্ত্রী বাজিকর, কুহকী।

চামরী —ঘোটক, অশ্ব।

ঝুমরি —রাগিণী বিশেষ।

মর্ম্মরী —দারু হরিদ্রা, পীত দারু।

অররি —দ্বার, কবাট।

উররী —(ঊররী) অঙ্গীকার, পরিত্যাগ, বিস্তার।

আড়রি—(দেং) ধার, তটস্থ উচ্চস্থান।

ঝলরী —[ঝল্লরী] বাদ্য বিং, কোঁকড়ান কেশ,বিশুদ্ধ, ক্লেদ, বালড়ি, বালচক্র, স্বল্পার্দ্রতা।

ঝালরী—ঢক্কা বিং, ঢাক।

বল্লরি —(বল্লরী) ব্রততী, লতা, মঞ্জরী,চিত্রমূল,মেথি।

কেশরী —(কেসরী) সিংহ,অশ্ব, বানর,পুন্নাগ বৃক্ষ, বীজ-কর্পূর বৃক্ষ, নাগকেশর বৃক্ষ, কেশ যুক্ত।

ধূসরী —কিন্নরী বিশেষ, ধূসর বর্ণা।

মিসরী —[মিছরি] (যাং) গুড় বিকার বিশেষ।

ঈশ্বরী —দুর্গা,লক্ষ্মী,সরস্বতী,শ্রেষ্ঠ,অধিপতি,সামর্থ।

অশ্মরী —পাথরী রোগ, মূত্র কৃচ্ছ্র রোগ বিং।

কাশ্মরী—[কাশ্মর্য্যরী] গাম্ভারী বৃক্ষ, গামার গাছ।

মৎসরী —দ্বেষ কারী, খল, ক্রোধী, পরশ্রীকাতর।

নৃহরি —নৃসিংহ অবতার।

প্রহরি —যামিক, কোটাল, চৌকিদার।

লহরি —(লহরী) উর্ম্মি, তরঙ্গ, ঢেউ, ভঙ্গী, চুনাট।

সহরি —সূর্য্য, বৃষ।

ফুট-রিং—(ইং) মল, পদালঙ্কার বিং।

অরি—অন্ত। (৪) চতুরক্ষর।

মাধুকরী —পঞ্চস্থান হইতে ভিক্ষা করণ, চান্দা।

দৈবাকরি —শনি, যম, যমুনা, দিবাকর সুত, কালিন্দী।

স্তম্বকরি —ব্রীহি, ধান্য, শস্য।

শুভকরী —পার্ব্বতী, দুর্গা।

রামকরী —রাগিণী বিং, রামকেলী রাগিণী।

গুড়করী —রাগিণী বিং।

মালাকরী—যুদ্ধে পরাজিতা নারী।

বর্ষকরী —ঝিল্লিকা, উই চিংড়া।

সুখঙ্করী —সুখ দায়ী, জীবন্তী বৃক্ষ।

শুভঙ্করী —মঙ্গলকারিণী। (দেং) শুভঙ্কর কৃত অঙ্কশাস্ত্র

শকৃৎকরি —গোবৎস, বাছুর।

চতুষ্করী —পাদ্দ্বারা যাদের হস্তের কাজ হয়-বানরাদি

ঘরাঘরি —(দেং) আপনাপনি, ঘরে ঘরে।

শঙ্খচরী —ললাটিকা, চন্দনাদি রচিত তিলক বিং।
অনুচরী —দাসী, ভৃত্যা।
সহচরী —সহধর্ম্মিণী, ভার্য্যা, সখী, যথা—(রসমঞ্জরী)
(সহচরী)—বেশ ভূষা করে দেয় করে পরিহাস।
কথা কৈতে খেতে শুতে শিখায় বিলাস॥
যার কাছে বিশ্রাম বিশ্বাস কথা কয়।
সহচরী সখী সেই পঞ্চ মত হয়॥
সখী নিত্য সখী প্রিয়সখী প্রাণসখী।
অতি প্রিয়সখী এই পঞ্চমত সখী॥
(দূতীসখী)-নায়ক নায়িকা যেই করয়ে ঘটন।
বিরহ যাপন করে দূতী সেই জন॥
স্বয়ং দূতী আদ্যদূতী এই সে প্রকার।
আদ্যদূতী তিন মত শুন ভেদ তার॥
অমিতার্থ নিশ্চয়ার্থ আর পত্রহারী।
বিশেষ বিশেষ শুন করিয়া বিচারি॥
ইঙ্গিতে যে কর্ম্ম করে অমিতার্থ সেই।
নিশ্চয়ার্থ আজ্ঞা পায়্যে কর্ম্ম করে যেই॥
পত্র লয়্যা কার্য্য করে পত্রহারী সেই।
বিশেষিয়া বুঝ সবে কয়্যা দিনু এই॥
নক্তঞ্চরী —রাক্ষসী।
রেজিষ্টরী —(ইং) লিখিয়া রাখন, নিদর্শন রাখন।
রণতরি —যুদ্ধ জাহাজ।

অশ্বতরি —গর্দ্দভীর গর্ভে ঘোটক ঔরস জাত।
ধন্বন্তরি —দেব চিকিৎসক, কাশিরাজ, দিবোদাস,
বিক্রমাদিত্যের ৯ রত্নের ১ রত্ন, পণ্ডিতবিং
মন্দোদরী —রাবণ মহিষী, কৃশোদরী কামিনী,মাদুর।
তলোদরী —ভার্য্যা, উপপত্নী।
ঝষোদরী —ব্যাসের মাতা, মৎস্যগন্ধা।
মৎস্যোদরী-সত্যবতী, কাশীস্থ তীর্থ বিং।
মহোদরী —মহাশতাবরী লতা, বৃহৎ উদর যুক্তা স্ত্রী।
নিষদ্বরী —রজনী, রাত্রি, সর্ব্বরী।
ছুছুন্দরী —গন্ধ মূষিক, ছুঁচা।
শতাবরী —শতমূলী, ইন্দ্রভার্য্যা, শচী।
গোদাবরী—স্বনাম খ্যাত নদী বিং।
বিভাবরী —রজনী, রাত্রি,কুট্টিনী,হরিদ্রা, মেদাবৃক্ষ।
কুস্তুম্বরী —ধন্যাক, ধনিয়া।
শাকম্ভরী —নগর বিং, দুর্গা, শাম্ভরী।
কুক্ষিম্ভরি —পেটুক।
আত্মম্ভরী —যে আপনাকে পোষণ করে, স্বার্থপর।
মোকররী —(যাং) চিরস্থায়ী।
ক্যাভেলরি—(ইং) অশ্বারোহী।
নৃকেশরী —নৃসিংহাবতার, শ্রেষ্ঠ পুরুষ।
পরাশরী —[পারাশরী] ভিক্ষু, ফকির, চতুর্থাশ্রমী।
বরাবরী —(যাং) স্বত্ব সাব্যস্ত ভিন্ন মোকদ্দমা।

বাগীশ্বরী —বাক্‌দেবী, সরস্বতী।
সিদ্ধেশ্বরী —দেবী বিং, কালী।
প্রাণেশ্বরী—পত্নী, ভার্য্যা, প্রিয়তমা।
রাসেশ্বরী —রাধা, রাধিকা, বৃকভানু সুতা।
বিশ্বেশ্বরী —কাশীর অধিষ্ঠাত্রী দেবী, অন্নপূর্ণা, দুর্গা।
মহেশ্বরী —পার্ব্বতী, কাঁসা, অপরাজিতা।
দৃতিহরি —সারমেয়, কুক্কুর।
ভর্ত্তৃহরি —বিক্রমাদিত্যের অগ্রজ, ভট্টিকাব্য প্রণেতা
নাথহরি —যে সব পশুর নাক ফুড়িয়া রজ্জু বদ্ধকরা হয়
তাপহরী —ব্যঞ্জন বিং, তাহরী।
নরহরি —নৃসিংহ অবতার, বিষ্ণু।
মশহরি —মশারি, মশক নিবারক আবরণ বিং।
বিষহরী —মনসা দেবী, বাসুকির ভগ্নী, জরৎকারুপত্নী।

অরি—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

অব্ধিনগরী —কৃষ্ণের রাজধানী, দ্বারকা নগরী।
পাঠমঞ্জরী —শারী পক্ষিণী।
স্থূলমঞ্জরী —অপামার্গ, আপাং গাছ।
রসমঞ্জরী —ভারতচন্দ্র প্রণীত গ্রন্থ বিং।
বহুমঞ্জরী —তুলসী, বৃক্ষ বিং।
মালগুর্জ্জরী—রাগিণী বিশেষ।
অর্ণবতরী —জাহাজ, সমুদ্র যান, জলযান।
বারসুন্দরী —বেশ্যা, গণিকা।

সুরসুন্দরী —স্বর্গবেশ্যা, অপ্সরা।
উপর্য্যুপরি—সামীপ্য, তার পর তার পর, উপরে ২।
মূর্দ্ধকর্প্পরী—আতপত্র, ছত্র, ছাতা।
উদরম্ভরি —পেটুক, আত্মম্ভরি, ভোজন প্রিয়।
নাগবল্লরী —তাম্বুল বল্লী, পান গাছ।
চন্দ্রবল্লরী —সোমলতা, ব্রাহ্মী শাক।
সোমবল্লরী —সোমলতা, গুড়ুচী, সোমরাজ।
কপটেশ্বরী —শ্বেত কণ্টকারী।
ত্রিদশেশ্বরী—দুর্গা, পার্ব্বতী, ভবানী।
বাজবহরী —(দেং) পক্ষী বিং, শ্যেনপক্ষী,বাজবৈরী।

অরি—অন্ত। (৬) ষড়ক্ষর।

ত্রিদশমঞ্জরী —তুলসী, বহুমঞ্জরী।
নিলিম্পনির্ঝরী—গঙ্গা, ভাগীরথী, জাহ্নবী, সুরধুনী।
অঙ্গারবল্লরী —গুঞ্জা, কুঁচ, করঞ্জ বিং, ভার্গী।

আরি—অন্ত। (২) দ্ব্যক্ষর।

কারি —কার্য্য, কর্ম্ম, শিল্পী। (ইং) ব্যঞ্জন।
চারি —(দেং) চতুষ্টয় সংখ্যা (৪)
চারী —নৃত্য বিং, বিচরণকারী, চরণশীল।
জারি —(যাং) আত্মশ্লাঘা,প্রচার,ঔষধ বিং, জাড়ী।
ঝারী —(দেং) জলপাত্র বিং, গাড়ু।
দারি —বিদারণ, বিদীর্ণ করণ।
দারী —লাম্পট্যাচরণ, ব্যভিচার ক্রিয়া,বহুদারবিশিষ্ট,

পতি, ধুস্তূর তৈল, বিবাহ, ক্ষুদ্র রোগ বিং।

দ্বারী —দ্বারপাল, দ্বার রক্ষক।

ধারী —ধারাল, ঋণী, ধারণ কর্ত্তা।

নারী —স্ত্রীলোক, রমণী।

পারী —জল সমূহ,কর্করী,দোহনপাত্র,পরাগ, রজ্জু বিং

প্যারী —কৃষ্ণপ্রিয়া, রাধা।

বারি —[বারী] সরস্বতী, কলসী,কয়েদী,জল,বালা,গন্ধ-গুল্ম,হস্তী ধরা ফাঁদ,শেওলা,গজ বন্ধন স্থান।

ভারি —সিংহ, কেশরী।

ভারী —ভার যুক্ত, ভার বহন কারক।

মারি —[মারী] জনক্ষয়, মড়ক।

শারি—পাশাক্রীড়ার ঘুঁটী,প্রতারণা,শুকপক্ষিণী,শালিক

শারী —পাখী, ময়না, শালিক।

সারি —[সারী] পাশা, শালিক পক্ষিণী। (দেং) শ্রেণী

হারি —পরাভব, মনোহর, পথিক শ্রেণী, রুচির।

হারী —বাহক, হরণকারী, মনোহর, হারযুক্ত, মুক্তা।

আরি—অন্ত। (৩) ত্র্যক্ষর।

ক্ষেয়ারী—নাবিক, পাটনী।

খোঁয়ারি —(দেং) মদের নেশা ত্যাগ কালে মদ্য পান।

কাকারি—পেচক, পেঁচা।

কুকারী —[ইং] রসুই, পাকবিদ্যা।

কোঁকারি—[দেং] কাতরাণ, কষ্ট সূচক শব্দ।

খাঁকারী —[দেং] কলঙ্কিনী, কলঙ্ক।

ঘূকারী —কাক, বায়স।

ঘূকারি —পেচকের শত্রু--কাক।

পাকারি —শ্বেত কাঞ্চন।

বৃকারি —কুকুর, সারমেয়।

শকারি —রাজা বিক্রমাদিত্য।

শোকারি--কদম্ব বৃক্ষ, নীপ।

ঢক্কারী —দেবী বিং, দুর্গা।

ভঙ্কারী —[ভঙ্গারী] চর্ম্ম চটি, বাদুড়, দংশ, ডাঁশ।

পিচ্‌কারী--বেগে জলনিঃসারক ক্রীড়ন যোগ্য ক্ষুদ্রযন্ত্র।

পুংকারী—নাগ লোকের রাজধানী,বাগ্দেবতার নাম।

ফৎকারী—পক্ষী, বিহঙ্গ মাত্র।

মার্কারি —[ইং] বুধ, পারদ, পারা।

বাখারি —বংশোদ্ভব শলাকা, চূর্ণ বিং।

শাঁখারি --[দেং] শঙ্খকার, শঙ্খ বণিক।

ধ্বাঙ্‌ক্ষারি--পেচক, পেঁচা।

জ্যাগারি—[ইং] গুড়।

চাঙ্গারী --[দেং] বংশ শলাকা নির্ম্মিত পাত্র বিং।

শৃঙ্গারী —সুপারি গাছ, হস্তী, শৃঙ্গার বিশিষ্ট, সুবেশ।

বঙ্গারি —হরিতাল।

ভৃঙ্গারী —ঝিল্লী, ঝিঁঝিঁ পোকা।

যজ্ঞারি —শিব, রাক্ষস, দৈত্য।

আচারী—আচার বিশিষ্ট, সদাচার, হেলেঞ্চা শাক।
কচারি —নাপিত, ক্ষৌরকার।
বিচারী —বিচার কারক, বিবেচক।
পঞ্চারী —পাশার ছক্‌, শারিশৃঙ্খলা।
সঞ্চারী —নির্বেদ, ধূপ, বায়ু, গমনশীল, ভাব বিং।
কাছারি —(কাছারী) (যাং) বিচারালয়, দপ্তর খানা।
গজারি —সিংহ, বৃক্ষ বিং।
পূজারি —(দেং) দেবল ব্রাহ্মণ,পুরোহিত,পূজাজীবী।
মাঝারী —(দেং) মধ্যবিধ, নাতি ন্যূন নাতিরিক্ত।
কাটারি —(দেং) দা, কাতান।
পেটারি —(যাং) ছোট মঞ্জুষা, ছোট পেটারা।
কণ্ট্র্যারি—(ইং) বিপরীত।
আর্টারি —(ইং) ধমনী, নাড়ী।
কুষ্ঠারি —পটোল, আকন্দ পাতা, খদির, গন্ধক।
জাড্যারি—জম্বীর, লেবু।
কাণ্ডারী —(দেং) কর্ণধার, মাজি, নাবিক।
ভাণ্ডারী — কোষাধ্যক্ষ, ভাঁড়ারী, ভৃত্য।
কাতারি —(দেং) ঘট,মৃণ্ময় পাত্র বিং,কলসী,অস্ত্র বিং।
কাতারী —(দেং) অস্ত্র বিশেষ,স্বর্ণ রৌপ্যাদি ছেদনাস্ত্র।
জিতারি —জিত শত্রু, বিজয়ী, বুদ্ধ।
বাতারি —এরণ্ড বৃক্ষ, ওল, সিজগাছ,যবানী, শতমূল।
ভূতারি —হিঙ্গু, হিং।

দৈত্যারি--কৃষ্ণ, বিষ্ণু, দেবতা, দনুজবিনাশী।
ধ্বান্তারি--চন্দ্র, অগ্নি, সূর্য্য।
রুদ্রারি —মদন, কামদেব।
ইন্দ্রারি —অসুর, দৈত্য।
চুণারী --[দেং] চূণ প্রস্তুত কারক, বস্ত্র ও জাতি বিং
বাণারী —বিষ্ণু, কৃষ্ণ।
ব্রণারি —বোল, অগস্ত্য বৃক্ষ, রস গন্ধক।
ধান্যারি —ধানের শত্রু-মূষিক।
স্বর্ণারি —[পামারি] গন্ধক।
তৃষ্ণারি —পর্প ট, ক্ষেত পাপড়া।
ব্যাপারী—ক্রিয়াসক্ত, ব্যবসায়ী।
সুপারি —[দেং] গুবাক ফল, পূগ, গুয়া।
কফারি --শুঁঠ, শুণ্ঠী।
আবারি —হট্ট বেশ্ম, হাটের চালি-দোকান।
ডুবারি —[দেং] ডুবিয়া থাকিতে সক্ষম, নিমজ্জক।
রবারি —[ইং] ডাকাইতি।
গাম্ভারী —[দেং] স্বনাম প্রসিদ্ধ বৃক্ষ বিং।
জম্ভারি —ইন্দ্র, অনল, বজ্র।
দ্রুমারি —[বৃক্ষারি] হস্তী, হাতী, করী।
বিমারি —[বেমারি] (যাং) পীড়া, ব্যাধি, রোগ।
মেমারি —[ইং] স্মৃতি, স্মরণ।
হিমারি --সূর্য্য, রবি, অনল, অগ্নি।

করারি —(যাং) স্বীকৃত, ওয়াদা কৃত।
তারারি —গন্ধকাদি মিশ্রিত লৌহ।
পরারি —গত বর্ষের পূর্ব্ব বর্ষে, পরশত্রু।
পুরারি —শিব, ত্রিপুরারি।
পূরারি —নিম্ব বৃক্ষ, নিম গাছ।
ফেরারি —(যাং) পলাতকা।
বরারি —(দেং) রাগিণী বিং।
মুরারি —[কংসারি] বিষ্ণু, নারায়ণ, শ্রীকৃষ্ণ।
শরারি —শরালি পাখী।
সুরারি —সুর শত্রু, অসুর, দানব।
স্মরারি —মদনান্ত কারী, মহাদেব।
ভাঁড়ারি —(দেং) কোষাধ্যক্ষ, ভাণ্ডারী।
শুল্বারি —গন্ধক।
শল্যারি —রাজা যুধিষ্ঠির।
কাঁসারি —(দেং) কাংস্য বনিক।
খেসারি —(দেং) কলাই বিং, খঞ্জকারী।
পসারি —(দেং) দোকানী, বিক্রয়কারী।
প্রসারী —প্রসরণশীল, বিসারী, ব্যাপী, বিস্তৃময়।
বিসারী —মৎস্য, মীন, ঝষ, প্রসরণশীল।
মশারি —(দেং) মশক নিবারক আবরণ বিং।
সংসারী —পরিবারী, জগতস্থ দেহী, গৃহী, গৃহাশ্রমী।
শ্বাসারি —পুষ্কর মূল, বামনহাটী গাছ।

অশ্বারি —মহিষ।

প্লীহারি —অশ্বত্থ বৃক্ষ, প্লীহারোগ নাশক, বহেড়া গাছ।

বিহারী —বিহার কারী, ভ্রমণ কারী।

নির্হারী —অতি বিস্তৃত, অতি দূরগামী গন্ধ।

এয়ারিং —(ইং) কর্ণাভরণ বিং।

ষ্ট্যামারিং —(ইং) তোত্‌লা, তোতলামী।

আরি—অন্ত। (৪) চতুরক্ষর।

বারোআরি —(দেং) সাধারণ, সামান্য, বার জনের।

সওয়ারি —(যাং) পাল্কী আদি, যান বিং।

হোশিয়ারি —(যাং) দক্ষতা, অপ্রমাদ শীলতা।

আজ্ঞাকারী —আজ্ঞা বহ, আজ্ঞানুবর্ত্তী।

খঞ্জকারি —(খঞ্জকারী) খেঁসারি কলাই।

স্ফটিকারী —ফট্‌কিরি।

কণ্টকারী —(কণ্টিকারী) কণ্টকারীর বৃক্ষ, ঔষধি বিং।

গণ্ডকারী —বৃক্ষ বিং, খদির বৃক্ষ।

হিতকারী —মঙ্গল দায়ক, উপকারক।

অধিকারী —স্বামী, স্বত্ববান্, দখিলকার।

জনকারী —অলক্তক, লাক্ষা, জৌ, আল্‌তা।

অনুকারী —অনুসারী, অনুরূপ, সদৃশ।

ধেনুকারী —নারায়ণ, বিষ্ণু।

অপকারী —অনিষ্টকর, মন্দকারী।

উপকারী —উপকারক, উপকার কর্ত্তা, আনুকুল্যকারী

ক্ষিপ্রকারী—[আশুকারী] যে শীঘ্র২ কর্ম্ম সমাধা করে।
শিল্পকারী—কারিকর, শিল্পী, মিস্ত্রী।
রোবকারী—[যাং] আদেশ পত্র।
দিব্যকারী—কোষগ্রাহী।
কুম্ভকারী—কুম্ভকারপত্নী, কুলথিকা, মনঃশিলা।
চিরকারী—দীর্ঘসূত্রী, অলস।
তরকারী—[দেং] আনাজ, রন্ধন যোগ্য ফলমূলাদি।
তারকারী—কার্ত্তিকেয়, স্কন্দ।
দৃঢ়কারী—আগ্রহশীল, উৎসাহী, কৃতনিশ্চয়।
দেশকারী—রাগিণী বিং।
মাংসকারী—শোণিত, রুধির।
অশোকারি—কদম্ব বৃক্ষ, কদম গাছ।
সহকারী—সহায়, সাহায্যকারী, কারণ বিং।
বহ্নিকারী—ধাঁইফুল, ধাত্রীশ্বরী।
কেলেঙ্কারি—[দেং] বিবাদমূলক, গোলযোগ।
অহঙ্কারী—গর্ব্বিত, অভিমানযুক্ত।
পন্নগারি—গরুড়, খগেন্দ্র।
একচারী—যাঁহার একটী মাত্র সহচর, বুদ্ধ শিষ্য।
সঙ্ঘচারী—মৎস্য, মাছ, বহুলোকের সহিত গমনকারী
স্বেচ্ছাচারী—[স্বৈরচারী] স্বাধীন, অবাধ্য।
কাণ্ডচারী—কাকাতুয়া—মুরী প্রভৃতি।
দ্রুতচারী—যে বেগে চলে—শাহমোরগ্।

অত্যাচারী—দুরাচার, কুকর্ম্মান্বিত, দুষ্ট, দুরাত্মা।
নক্তচারী —পেচক, বিড়াল, রাক্ষস, চোর।
পাদচারী —পদব্রজে গমনকারী, পদাতিক।
কদাচারী —দুষ্কর্ম্মা, কুকার্য্য রত, অসদাচারী।
দ্বন্দ্বচারী —চক্রবাক পক্ষী।
শুদ্ধচারী —নির্দ্দোষ, নির্ম্মল চরিত্র।
বনচারী —বনবাসী, কিরাত।
অভিচারী—যে ব্যক্তি মারণাদি হিংসা কর্ম্ম করে।
ব্যভিচারি—চতুস্ত্রিংশৎপ্রকার শৃঙ্গার ভাব বিং।
ব্যভিচারী—কুক্রিয়াসক্ত, অসতী।
কামচারী —স্বেচ্ছাচারী, গরুড়, চড়ুই পাখী, কামপ্রিয়, কলবিঙ্ক, স্বচ্ছন্দ।
ব্যোমচারী—পক্ষী, দেবতা, গ্রহ নক্ষত্রাদি।
কর্ম্মচারী —যে বেতন গ্রহণ করিয়া অন্যের কার্য্যকরে
ধর্ম্মচারী —ধার্ম্মিক, পুণ্যবান্।
গূঢ়চারী —যে গূঢ় রূপে কার্য্য করে।
জলচারী —যাহারা জলে বিচরণ করে—বক, সারসাদি
ব্রহ্মচারী —প্রথমাশ্রমী, দুর্গা, তপস্বী, উপকুর্ব্বাণ।
বিয়চ্চারী —আকাশ গামী, চিল পক্ষী।
দনুজারি —দেবতা।
ছারজারি —(ইং) অস্ত্র চিকিৎসা।
পারজারি —(ইং) মিথ্যা সাক্ষী, খেলাপ হলফ।

ফোরজারি--(ইং) জাল, হস্ত কলমী।

সেক্রেটারি--(ইং) সম্পাদক, কার্য্যকারক।

অ্যাডল্টারি-(ইং) ব্যভিচার, পরস্ত্রী গমন।

কপোতারি--শ্যেন পক্ষী, শিকারি পাখী,কপোতশত্রু।

পর্ব্বতারি --ইন্দ্র, দেবরাজ।

পাদদারী —পাদস্ফোট, শিশির জাত ক্ষত।

দ্বিবিদারি —[রাবণারী, দূষণারী] রামচন্দ্র, রঘুনাথ।

জমীদারী —(যাং) ভূমিসম্পত্তি,গবর্ণমেণ্টের করদভূমি

ছত্রধারী —যে ছত্র ধারণ করে-ছাতিধরা।

কম্বধারী —সন্ন্যাসী, ভিক্ষুক।

তুলাধারী —যে ব্যক্তি ওজন করে-কয়ালদার।

ধনুর্দ্ধারী —ধানুষ্ক, তীরন্দাজ, ধনু ধারণ কারী।

মৎকুণারী —সিদ্ধি, ভাঙ্গ।

পূতনারি —[যবনারি] শ্রীকৃষ্ণ, বাসুদেব।

কাননারি —শমী বৃক্ষ, শাঁই গাছ।

বারনারী —বারবিলাসিনী, বারবধূ, বেশ্যা।

কুলনারী —কুলকন্যা, কুলস্ত্রী, কুলবালা।

ডিক্‌শনারি--(ইং) অভিধান।

সপত্নারি —বংশ বিং, বেউড় বাঁশ।

কায়বারি--(দেং) বিবাদী, সাহসী।

কায়বারী--(দেং) কলহী, দাম্ভিকা।

পক্কবারি --কাঁজি, আমানী, গরম জল।

দানবারি —দৈত্য গুরু, দেবতা, বিষ্ণু, হস্তীর মদজল।
শ্রমবারি --ঘর্ম্ম, স্বেদ, ঘাম।
ডিলিবারি--(ইং) অর্পণ, প্রসব ক্রিয়া, মুক্তি।
প্রাইমারী—(ইং) আদি শিক্ষা, প্রধান, মুখ্য।
বকমারী —(দেং) অপরাধ, ত্রুটী, অনুতাপ।
অকুমারি —দশ বৎসরের বালিকা।
শতমারী —উত্তমচিকিৎসক,শতবার পারাশোধনকারী
দুর্নামারি --শূরণ, ওল।
আলমারি —আলমাইরা, বাক্স বিং।
পুলোমারি--ইন্দ্র, বাসব।
মহামারী —মহাকালী, অতিশয় মারিভয়, মড়ক।
ময়ূরারী —কৃকলাস, গিরগিটী।
শম্বরারি —[সম্বরারি] কামদেব, মদন।
অনর‍্যারি—(ইং) সম্ভ্রমশীল, আদর যুক্ত।
সরলারি —মরকত মণি, পান্না, কুড়, কলশী ডগা।
ন্যায়সারি —যুক্তি পূর্ব্বক কর্ম্মকারী।
বায়সারি —উলূক, পেচক, পেঁচা।
ত্রিদশারি — অসুর, দানব, দৈত্য।
প্রতিহারী—[প্রতীহারী] দ্বারপাল, দ্বারী।
চিত্তহারী —[মনোহারী] যে চিত্ত হরণ করে-মনোজ্ঞ।
রিকৃথহারী-দায়াদ, উত্তরাধিকারী,মাতুল,ডুম্বুর বীজ।
অনাহারী—উপবাসী, যাহা ধ্বত হয় নাই।

মণিহারী —ব্যবসায়ী বিং, বিলাস দ্রব্য বিক্রয় কারী।
মনোহারী—মনোজ্ঞ, মনোহর।
বিঘ্নহারী —গণেশ, গজানন।
ব্যবহারী —[ব্যাবহারী]পরস্পরব্যবহার,ব্যবহারবিশিষ্ট
ফলাহারী —কালী মূর্ত্তি বিং, ফলভোজী।

আরি—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

দফাওয়ারি —(যাং) একাদিক্রমে, ক্রমান্বয়।
সমীক্ষ্যকারী -যে পূর্ব্বাপর বিবেচনা করিয়া কার্য্য করে
শঠতাকারী --প্রতারণা কারক, প্রতারক।
চক্রান্তকারী --যে চক্রান্ত করে, ষড়যন্ত্রকারী।
অর্থাধিকারী —ধন রক্ষক, যিনি বেতন দেন।
সর্ব্বাধিকারী —মন্ত্রী প্রভৃতি, সকল কার্য্যক্ষম।
ধর্ম্মাধিকারী —বিচারকর্ত্তা, দণ্ডনায়ক, ধর্ম্মাধ্যক্ষ।
বিমৃশ্যকারী —[বিমৃষ্যকারী] বিবেচনা মত কর্ম্মকারী।
যথেষ্টাচারী —পক্ষী, স্বেচ্ছাচারী।
চরণচারী —পাদচারী, যে পায়ে হাঁটিয়া যায়।
অব্যভিচারী —ব্যভিচার রহিত।
সব্রহ্মচারী —সতীর্থ, এক গুরুর শিষ্য।
মালগুজারী —(যাং) জমীর খাজানা।
কাণকোটারী—(দেং) কীট বিং, কর্ণ জলৌকা।
হেরিডিট্যারি--(ইং) পুরুষানুক্রমিক।
রঙ্গাবতারী --নট, নাট্য কারক।

ইজারদারি —(যাং) ইজারা সম্বন্ধীয় লভ্য।
দেবগান্ধারী —রাগিণী বিং।
ঘৃতকুমারী —ঔষধ বিশেষ, কন্যাকুমারী গাছ।
নাগবরারী —(দেং) রাগিণী বিং।
আম্নায়সারী —বেদানুগামী, ধর্ম্ম নিষ্ঠ।
ছিদ্রানুসারী —যে দোষানুসন্ধান করিয়া বেড়ায়।
ছন্দানুসারী —যে আপন ইচ্ছানুসারে কার্য্য করে।
কালানুসারী —পার্ব্বতীয় গন্ধদ্রব্য বিং, শৈলজ, শিশুগাছ
শাসনহারী —আজ্ঞা বাহক, পেয়াদা, রাজদূত।
দত্তাপহারী —যে ব্যক্তি দান করিয়া পুনর্গ্রহণ করে।

আরি—অন্ত। (৬) ষড়ক্ষর।

অসমীক্ষ্যকারী —[অবিমৃষ্যকারী] অবিবেচক, মূর্খ।
উত্তরাধিকারী —পশ্চাৎ অধিকারী, দায়াদ।
উন্মোচনকারী —রক্ষক-যে খুলিয়া দেয়।
উত্তোলনকারী —উত্থাপন কারী, উর্দ্ধে নয়ন কারী।
নিকুঞ্জবিহারী —শ্রীকৃষ্ণ, গোপীবল্লভ।
সমভিব্যাহারী —সঙ্গী, সাথী, সহিত।
অযথাশাস্ত্রকারী—অধার্ম্মিক, অশাস্ত্রকর্ম্মকারী।

ইরি—অন্ত। (২) দ্ব্যক্ষর।

কিরি —যে পোত্র দ্বারা ভূমি ক্ষেপণ করে--শূকর।
ক্ষীরী —বৃক্ষ বিং, বট, অশ্বথ, আকন্দ, ডুম্বুর, সোম-
লতা, শশা প্রভৃতি, নির্য্যাস বিশিষ্ট লতাদি।

গিরি —পর্ব্বত, ভাঁটা, সন্ন্যাসী বিং, গেঁড়ু, চক্ষুপীড়া, পারার দোষ, পরিব্রাজকদের উপাধি বিং।

চিরি —শুক পক্ষী।

চীরী —তাপস, চীর ধারী।

বিরি —(দেং) হস্তীর শুণ্ডোত্তোলনার্থে সঙ্কেতবাক।

রিরী —পিত্তল, পীতল।

শিরি —খড়্গা, বাণ, হিংস্র ব্যক্তি, শলভ, পঙ্গপাল।

ইরি—অন্ত। (৩) ত্র্যক্ষর।

নিকিরী —[নিকারী](দেং)মৎস্য বিক্রেতা, ম্লেচ্ছ জাতি

কিঙ্কিরী —বিকঙ্কত বৃক্ষ, বঁইচ গাছ।

ফট্‌কিরী —[দেং] বণিক্ দ্রব্য বিং, লবণ বিং।

আখিরী —[যাং] শেষ, অন্ত।

স্বর্গিরি —সুমেরু পর্ব্বত।

ভণ্ডীরী —মঞ্জিষ্ঠা লতা।

শরীরী —আত্মা, জীবাত্মা, দেহী, প্রাণী, মনুষ্য, জন্তু।

আহীরী —[দেং] গোপ, গোয়ালা।

ইরি—অন্ত। (৪) চতুরক্ষর।

দেবকিরী —রাগিণী বিং, মেঘ রাগের ভার্য্যা।

ত্বগাক্ষীরী —বংশলোচন-দুগ্ধের ন্যায় বর্ণ যাহার।

বংশক্ষীরী —বংশলোচনা।

স্বর্গগিরি —সুমেরু পর্ব্বত।

প্রতিগিরি —পর্ব্বত তুল্য, পর্ব্বত সদৃশ, ক্ষুদ্র পর্ব্বত।

অস্তগিরি --অস্তাচল, চরম পর্ব্বত।
হস্তিগিরি —দেশ বিং, কাঞ্চী দেশ।
মগ্নগিরি —যে পর্ব্বত সমুদ্র গর্ভে মগ্ন থাকে।
পুষ্পগিরি —কাল্পনিক পর্ব্বত বিং।
দেবগিরি —রাগিণী বিং, হিমালয় পর্ব্বত।
রামগিরি —রামের বিশ্রাম স্থান--চিত্রকুট পর্ব্বত।
হিমগিরি --হিমালয় পর্ব্বত, হিমবান্।
মুখচৌরী —রসনা, জিহ্বা।
ঝরিঝিরি--[দেং] অল্প স্রোত যুক্ত পতন।
করবীরী —অদিতি, উত্তমগাভী,একপুত্রমাতা,গরল বিং
অশরীরী --অশরীর, নিরাকার, জীবন্মুক্ত।

ইরি—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

আগ্নেয়গিরি —যে পর্ব্বত হইতে অগ্ন্যাদি নির্গত হয়।
রজতগিরি --কৈলাস পর্ব্বত।
সুমেরুগিরি —সুমেরু পর্ব্বত।

উরি—অন্ত। [২] দ্ব্যক্ষর।

উরী —[উরী] অঙ্গীকার, পরিত্যাগ, বিস্তার, স্বীকার।
কুরি --[দেং] জাতি বিং।
খুরী —[দেং] কটোরা, মাটীর ছোট পাত্র বিং।
ক্ষুরী —নাপিত, নাপিতিনী, ক্ষুর যুক্ত পশু।
গুরী —লতা বিং, গৌরাঙ্গ, সুরূপ, শ্বেতাঙ্গ।
চুরি --[দেং] চৌর্য্য, অপহরণ।

চুরী —ক্ষুদ্র কূপ, ছোট কুয়া।
ছুরি —[ছুরী] অস্ত্র বিং, অসিপুত্রী।
জুরি —(ইং) বিচারের সাহায্যকারী।
ঝুরি —[দেং] ঘৃতপক্ক খাদ্য দ্রব্য বিং, চাঁইচ।
ডুরী —রজ্জু, দড়ি।
তুরি —[তুরী] তন্তুবায়ের যন্ত্র, মাকু, চিত্রকারের তুলী
তূরী —ক্ষুদ্র ভেরী, ধুতুরা গাছ।
স্তুরী —ভারবাহী, ভারবাহী অশ্ব।
ধুরি — অগ্রে, আগে।
নুরী —শুক পক্ষী বিং।
পুরী —নগরী, গৃহ, বাটী।
ভূরি —অধিক, শিব, বিষ্ণু, ব্রহ্মা, সোণা, প্রচুর।
সূরি —কবি, পণ্ডিত, জৈনোপাধি বিং, সূর্য্য, কৃষ্ণ।
সূরী —পণ্ডিত, জ্ঞানী, বিচক্ষণ, বিদ্বান্।

উরি—অন্ত। (৩) ত্র্যক্ষর।

ময়ূরী —স্ত্রী ময়ূর, শিখিনী।
ভাগুরি—প্রসিদ্ধ বৈয়াকরণ পণ্ডিত।
অঙ্গুরি —[অঙ্গুরী] অঙ্গুলি ভূষণ, আংটী।
কচুরি —(দেং) খাদ্য দ্রব্য বিং।
সেঞ্চুরী—(ইং) শতাব্দি, একশত বৎসর।
চাতুরী—চতুরতা, নৈপুণ্য, প্রবঞ্চনা, শঠতা, মায়া।
মাধুরী—মধুরতা, শোভা, সৌন্দর্য্য, মদ্য, উৎকর্ষ।

ত্রিপুরী—ত্রিপুরা দেশ, ত্রিহুত।

তাবুরি—বৃষ রাশি, দ্বিতীয় রাশি।

তুম্বুরী—কুস্তুরী, ধন্যাক, ধনে।

অভূরি—অল্প, সামান্য, কিছু, পৃথক।

উরুরী—[উরুরী] অঙ্গীকার, পরিত্যাগ, বিস্তার।

অসুরী—অসুর পত্নী, রাজিকা, রাই সর্ষপ।

জম্বুরি—বজ্র, কুলিশ, ইন্দ্র, দম্ভোলী, প্রহরণ।

পসুরী—(দেং) পাঁচ সের (৵৫)

মসুরি—[মসুরী] ইচ্ছাবসন্ত, কুণ্ডিনী, বালিশ, কলায় বিং

মাসুরী—শ্মশ্রু, দাড়ি।

মহুরী—(দেং) মহরী, মৌরী।

মুহুরী—(যাং) কেরাণী, লেখক।

সহুরি—সূর্য্য, পৃথিবী।

উরি—অন্ত। (৪) চতুরক্ষর।

লুকোচুরি—(দেং) বালকদের খেলা বিং।

বাহাদুরী—(দেং) কাষ্ঠ বিং। (যাং) কৃতকার্য্যতা।

মধুপুরী—মথুরা নগরী।

দেবপুরী—ইন্দ্রপুরী, অমরাবতী।

শিবপুরী—কাশী, বারাণসী।

উরি—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

পাঠমঞ্জুরী—(পাঠমঞ্জরী) শারিকা পক্ষিণী।

খরমঞ্জুরী—(খরমঞ্জরী) অপামার্গ বৃক্ষ, আপাং গাছ।

গল্পচাতুরি —গাল বালিশ, ক্ষুদ্র বালিশ।
যক্ষরাট্‌পুরী—কৈলাসপর্ব্বোতোপরিকুবেরের রাজধানি

এরি—অন্ত। (২) দ্ব্যক্ষর।

দেরি —[দেং] বিলম্ব, অশীঘ্র।
ফেরি —[দেং] বিক্রয়ার্থ দ্বারে দ্বারে ভ্রমণ।
বেরি —[ইং] জাম, কল বিং।
ভেরি —[ভেরী] বাদ্য যন্ত্র বিং, ঢক্কা, দুন্দুভি।

এরি—অন্ত। (৩) ত্র্যক্ষর।

ক্ষৈয়েরী —পরমান্ন।
আভেরী --সঙ্গীত শাস্ত্র প্রসিদ্ধ রাগিণী ভেদ।
ঝুমেরী —[ঝুমরি] রাগিণী-গীত বিং।

এরি—অন্ত। (৪) চতুরক্ষর।

তুণ্ডকেরী--কার্পাসী, তেলাকুচা।
কুচাঙ্গেরী--চুক্রি শাক, চুকা পালম্‌।
ব্যাকবেরী —[ইং] কাল জাম।
লাইব্রেরী --[ইং] পুস্তকালয়।

ঐরি—অন্ত। (২) দ্ব্যক্ষর।

খৈরী —(দেং) পক্ষি বিশেষ।
গৈরি —লাঙ্গলী বৃক্ষ, বিষ লাঙ্গলা।
বৈরী —বৈরযুক্ত, শত্রু, অরি, বিদ্বেষী।
স্বৈরী —স্বেচ্ছাচারী, অবাধ্য।
অস্বৈরী—পরাধীন, পরবশ।

ঐরি—অন্ত। (৪) চতুরক্ষর।

বাতবৈরী —এরণ্ড বৃক্ষ।

ধাতুবৈরী —গন্ধক, স্বর্ণাদির জ্যোতি নষ্ট কারক।

সুরবৈরী —দৈত্য, অসুর।

ওরি—অন্ত।

স্থোরী --ভার বাহক অশ্ব।

দীপখোরী—দীপ বর্ত্তী, শলিতা।

ঔরি—অন্ত। (২) দ্ব্যক্ষর।

গৌরী —অষ্ট বর্ষিয়া কন্যা, গোরোচনা, হরিদ্রা, পৃথিবী, পার্ব্বতী, নদী বিং, অজাত রজস্কা কন্যা, বরুণ ভার্য্যা, মঞ্জিষ্ঠা, তুলসী, মল্লিকা, শ্বেত দূর্ব্বা।

চৌরি —[চৌরী] তস্করতা, চুরি, গৃহ বিং, চৌয়ারি।

স্থৌরী --ভার বাহক অশ্ব।

মৌরী --[দেং] স্বনাম প্রসিদ্ধ মসলা বিং, মউরী।

শৌরি —শ্রীকৃষ্ণ, যাদব, বাসুদেব, শনিগ্রহ।

সৌরি —শ্রীকৃষ্ণ, সূর্য্য সম্বন্ধীয়, শনি, যম, শনৈশ্চর।

জগদ্গৌরী—মনসা দেবী, আস্তিক জননী।

রু। (১) একাক্ষর।

রু --[ধা] শব্দ, ধ্বনি-রব, রাব, সংরাব, রুত, রুরু।

অরু—অন্ত। (২) দ্ব্যক্ষর।

খরু --কামদেব, শিব, দন্ত, ঘোটক, দর্প, পতিম্বরা কন্যা, নির্ব্বোধ, ক্রুর, শুক্ল বর্ণ, তীক্ষ্ণ, দন্ত।

গরু —[দেং] গো, নির্ব্বোধ, নিতান্ত মূর্খ।
চরু —যজ্ঞিয় পায়স, হব্যান্ন।
জরু —(যাং) স্ত্রী, সহধর্ম্মিণী।
তরু —বৃক্ষ, গাছ।
পরু —স্বর্গলোক, পর্ব্বত, গ্রন্থি, সমুদ্র, বৃক্ষ বিং।
ভরু —বিষ্ণু, শিব, স্বামী, সমুদ্র, স্বর্ণ।
মরু —পর্ব্বত, অনুর্ব্বর দেশ, মাড়োয়ার দেশ।
শরু —বজ্র, বাণ, অস্ত্র, ক্রোধ। (দেং) পাতলা, ক্ষীণ।
সরু —সূক্ষ্ম, অনু, খড়্গ মুষ্টি, মুট।
স্বরু —বজ্র, বাণ, যজ্ঞ-যুপখণ্ড, সূর্য্য কিরণ, বৃশ্চিক বিং।
ৎসরু —খড়্গাদির মুষ্টি, অস্ত্রাদির বাঁট।

অরু—অন্ত। (৩) ত্র্যক্ষর।

রাগরু—যে ব্যক্তি আশা দিয়া আশা পূর্ণ করে না।
কুটরু —বস্ত্রগৃহ, কাণাৎ।
মন্থরু —চামরের বাতাস।
উন্দরু —মূষিক, ইন্দুর।
আবরু —[যাং] মান, সম্ভ্রম, লজ্জা, রীতি।
অমরু —স্বনাম খ্যাত প্রসিদ্ধ কবিত্ব সম্পন্ন রাজা।
ডমরু —বাদ্য যন্ত্র বিং, বিস্ময়জনক বাদ্য।
চর্ম্মরু —চর্ম্মকার, চামার।
অররু —শত্রু, অস্ত্র ভেদ।
পররু —কেশরাজ, ঔষধি বিং।

অরু—অন্ত। (৪) চতুরক্ষর।

ছায়াতরু —বড় বৃক্ষ, নমেরু বৃক্ষ, সুরপুন্নাগ বৃক্ষ।

শাকতরু —শেগুন গাছ।

শুকতরু —শিরীষ বৃক্ষ।

শঙ্কুতরু —শাল গাছ।

শিখাতরু —পিলসুজ, দীপাধার।

যক্ষতরু —বট বৃক্ষ।

রোগিতরু—অশোক বৃক্ষ।

দীর্ঘতরু —তাল গাছ।

উচ্চতরু —[স্কন্ধতরু] নারিকেল বৃক্ষ।

লতাতরু —কমলা লেবুর গাছ, তালাদি বৃক্ষ।

বোধিতরু—অশ্বত্থ বৃক্ষ।

দেবতরু —মন্দার-পারিজাত-সন্তান-কল্পবৃক্ষ-হরিচন্দন-৫, মতান্তরে অশ্বত্থ-যজ্ঞডুম্বুর-বট প্রভৃতি, প্রাচীন চৈত্য বৃক্ষ।

কল্পতরু —কল্পান্তস্থায়ীবৃক্ষ, বাঞ্ছিত ফলদ বৃক্ষ, দাতা

হেমতরু —ধুস্তূর।

বীরতরু —অর্জ্জুন বৃক্ষ।

সারতরু —কদলী বৃক্ষ, অংশুমৎ ফলা।

দৃঢ়তরু —বৃক্ষ বিং, ধববৃক্ষ।

নীলতরু —নারিকেল বৃক্ষ।

মহাতরু —মনসা গাছ।

তাপসতরু —ইঙ্গুদী বৃক্ষ।

আরু—অন্ত। [২] দ্ব্যক্ষর।

আরু —[আরূ] শূকর, বৃক্ষ বিং, কাঁকড়া।

কারু —বিশ্বকর্ম্মা, শিল্পকারক, চিত্র কারক।

চারু —মনোরম, সুশোভন, বৃহস্পতি।

দারু —দেবদারু বৃক্ষ, পিত্তল, ছেদক, শোধক, দাতা, বদান্য, বিদারক, শিল্পী, কাষ্ঠ বিং।

ধারু —যে পান করে, পান কারী, কর্জ্জ দান, ঋণী।

পারু —সূর্য্য, অনল, অগ্নি।

বারু —বিজয়ী হস্তী, বিজয়ী কুঞ্জর।

মারু —(দেং) রাগ বিং।

আরু—অন্ত। (৩) ত্র্যক্ষর।

কর্ক্কারু —কুষ্মাণ্ড, কুমড়া।

বাগারু —আশা হন্তা, যে আশা দিয়া হতাশ করে।

শ্রুগ্বারু —বিকঙ্কত বৃক্ষ, বঁইচ গাছ।

সুচারু —মনোহর, সুন্দর, মনোজ্ঞ, অত্যুত্তম।

শজারু —স্বনাম প্রসিদ্ধ জন্তু বিং, শল্লকী।

ভার্য্যারু—পর্ব্বতবিং,মৃগবিং,পরস্ত্রীতে সন্তানোৎপাদক

কুঠারু —বৃক্ষ, বানর, অস্ত্র নির্ম্মাণ কারী।

বিদারু —কাঁকলাস, কৃকলাস।

সুদারু —পারিযাত্র পর্ব্বত, বিন্ধ্য পর্ব্বতের এক পাদ।

বন্দারু —অভিবাদক, স্তুতি পাঠক।

যুধারু —যোদ্ধা।

ঝম্পারু —শাখামৃগ, বানর, কপি।

ইর্ব্বারু —[উর্ব্বারু] কর্কটি ফল, কাঁকুড়।

পরারু —কারবেল্ল, করলা।

শরারু —হিংস্রক, হিংস্র, ক্ষতি কারক।

কিংশারু—শস্যের শুঁয়া, বাণ, কঙ্ক পক্ষী।

হিংসারু—ব্যাঘ্র, শার্দ্দূল, বাঘ।

শতারুঃ —কুষ্ঠ রোগ বিং, কুড়।

আরু—অন্ত। (৪) চতুরক্ষর।

জরৎকারু—স্বনাম প্রসিদ্ধ মুনি, মনসাদেবী, বিষহরী।

বায়ুদারু —জলধর, মেঘ।

পীতদারু —দেবদারু, সরল, হরিদ্রু।

মস্তদারু —[দেবদারু, শিবদারু, সুরদারু] বৃক্ষ বিং।

বর্ণদারু —যে সকল কাষ্ঠে রঙ্ প্রস্তুত হয়।

গুড়দারু —ইক্ষু, আক।

সমুদ্রারু —হাঙ্গর, কুম্ভীর, রাঘব, তিমিঙ্গিল, সেতুবন্ধ।

নাসানারু—[নাসাদারু] ঝনুকাঠ, কপালি।

মৃগৈর্ব্বারু —শ্বেত হরিণ।

দক্ষিণারুঃ—ব্যাধ দ্বারা দক্ষিণ পার্শ্বে আহত মৃগ।

আরু—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

নির্ম্মথ্যদারু —[নির্ম্মন্থদারু] অরণি, অগ্নি জ্বালিবার কাঠ।

অগ্নিগন্ধদারু —[অমরদারু] দেবদারু বিশেষ।

ইরু—অন্ত। (২) দ্ব্যক্ষর।

চিরু —বাহু দ্বয়ের মিলন স্থল, স্কন্ধের নিম্নভাগ।

ভীরু — ইক্ষু বিং, ব্যাঘ্র, শৃগাল, স্ত্রী বিং, চকিত, ভীত।

ইরু—অন্ত। (৩) ত্র্যক্ষর।

অভীরু —শতমূলী, মহাদেবের মূর্ত্তিভেদ, ভ্রমশূন্য, নির্ভীক

শ্বভীরু —শৃগাল, শিয়াল।

বহীরু —শিরা, ধমনী, মাংসপেশী।

ইরু—অন্ত। (৪) চতুরক্ষর।

হরবিরু --(যাং) নানাপ্রকারের জমী।

শতভীরু —মল্লিকা পুষ্প।

জরাভীরু —কন্দর্প, যে ব্যক্তি বার্দ্ধক্যকে ভয় করে।

দংশভীরু —মহিষ, কাগর।

মহাভীরু --অতিশয় ভয়শীল, গোপালিকা কীট।

পতত্ভীরু —শ্যেন পক্ষী।

পরত্রভীরু—ধার্ম্মিক, পুণ্যবান্।

উরু—অন্ত। (২) দ্ব্যক্ষর।

উরু —বিশাল, মহৎ, বড়, লম্বা, মূল্যবান্।

ঊরু —উরুৎ, জানুর উপরি ভাগ।

কুরু —চন্দ্র বংশীয় নৃপ বিং, সূর্য্যকন্যার গর্ভজ পুত্র।

গুরু --শিক্ষা দাতা, মন্ত্র দাতা, অলঘু, কঠিন, উৎকৃষ্ট, অতিশয় পূজ্য, বৃহস্পতি, পিতা মাতা, শিক্ষক, ব্রাহ্মণ, ক্ষত্রিয়, দুর্জ্জয়, ভারী, মহৎ, দীর্ঘ, শ্লাঘ্য,

উৎকট,দুস্তর,অধিক,দীর্ঘ স্বরবর্ণ, দ্রোণাচার্য্য।

পুরু —অধিক, দেবলোক, দৈত্য বিং, পুষ্প রেণু, নদী ভেদ, [দেং] মোটা, স্থূল, পরাগ।

রুরু —মৃগ বিং, মহা কৃষ্ণসার, দৈত্য বিং।

শুরু —[যাং] আরম্ভ।

উরু—অন্ত। (৩) ত্র্যক্ষর।

অগুরু —শিমুল গাছ, কৃষ্ণ বর্ণ চন্দন, কালাগুরু, লঘু।

উন্দুরু —মূষিক, ইন্দুর।

অনূরু —উরু বিহীন, অরুণ, সূর্য্যের সারথি।

তুম্বুরু —ধনে,বৃক্ষ বিং,মুনি বিং,গন্ধ দ্রব্য বিং,স্বর্গগায়ক

চমূরু —[সমূরু] হরিণ বিং, মৃগ বিং।

উরু—অন্ত। (৪) চতুরক্ষর।

একগুরু —সতীর্থ, এক গুরুর শিষ্য।

দীক্ষাগুরু —মন্ত্র দাতা গুরু, ইষ্ট দেবতা।

শিক্ষাগুরু —শিক্ষক, বিদ্যা গুরু, গুরু।

গুহ্যগুরু —শিব, গোপনীয় শাস্ত্র।

রতগুরু —পতি, স্বামী।

দৈত্যগুরু —শুক্রাচার্য্য, ভার্গব।

কৃষ্ণাগুরু —[কালাগুরু] অগুরু, কৃষ্ণ চন্দন।

উপগুরু —সহকারী গুরু, উপদেষ্টা।

দেবগুরু —[সুরগুরু] বৃহস্পতি, সুরাচার্য্য।

উমাগুরু —শিব, হিমালয় পর্ব্বত।